## অধ্যায় ৭
## স্থল, নৌ ও বিমান বাহিনী সম্পর্কিত অপরাধ বিষয়ে

১৩১। **বিদ্রোহে অপসহায়তা করা, কোন সৈনিক, নাবিক বা বৈমানিককে তাঁহার কর্তব্য হইতে পথভ্রষ্ট করিবার প্রচেষ্টা করা**—যেকেহ ভারত সরকারের স্থল, নৌ বা বিমান বাহিনীর কোন আধিকারিক, সৈনিক, নাবিক বা বৈমানিক কর্তৃক বিদ্রোহের সংঘটনে অপসহায়তা করে, অথবা ঐরূপ আধিকারিক, সৈনিক, নাবিক বা বৈমানিককে তাঁহার আনুগত্য বা তাঁহার কর্তব্য হইতে পথভ্রষ্ট করিবার প্রচেষ্টা করে, সে যাবজ্জীবন কারাবাসে বা দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**ব্যাখ্যা**—এই ধারায় "আধিকারিক", "সৈনিক", "নাবিক" ও "বৈমানিক"—এই শব্দসমূহ, স্থল বিশেষে, আরমি অ্যাক্ট, আরমি অ্যাক্ট, ১৯৫০ (১৯৫০-এর ৪৬), দি নেইভল ডিসিপ্লিন অ্যাক্ট, [১][দি ইন্ডিয়ান নেইভি (ডিসিপ্লিন) অ্যাক্ট, ১৯৩৪ (১৯৩৪-এর ৩৪),] দি এয়্যার ফ্যরস্ অ্যাক্ট, [২][দি এয়্যার ফ্যরস্ অ্যাক্ট, ১৯৫০ (১৯৫০-এর ৪৫)]-এর অধীন কোন ব্যক্তিকে অন্তর্ভুক্ত করে।

১৩২। **বিদ্রোহের অপসহায়তা, যদি তাহার পরিণামস্বরূপ বিদ্রোহ সংঘটিত হয়**—যেকেহ ভারত সরকারের স্থল, নৌ বা বিমান বাহিনীর কোন আধিকারিক, সৈনিক, নাবিক বা বৈমানিক কর্তৃক বিদ্রোহের সংঘটনে অপসহায়তা করে, সে, যদি ঐ অপসহায়তার পরিণামস্বরূপ বিদ্রোহ সংঘটিত হয়, তাহা হইলে, মৃত্যুদণ্ডে বা যাবজ্জীবন কারাবাসে অথবা দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

১৩৩। **সৈনিক, নাবিক বা বৈমানিক কর্তৃক তদীয় উর্ধ্বতন আধিকারিকের উপর, যখন তিনি তাঁহার পদীয় কার্য নির্বাহে রত তখন, অভ্যাঘাতের অপসহায়তা**—যেকেহ ভারত সরকারের স্থল, নৌ বা বিমান বাহিনীর কোন আধিকারিক, সৈনিক, নাবিক বা বৈমানিক কর্তৃক কোন উর্ধ্বতন আধিকারিকের উপর, ঐ আধিকারিক তাঁহার পদীয় কার্য নির্বাহে রত থাকা কালে, কোন অভ্যাঘাতের অপসহায়তা করে, সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

১৩৪। **ঐরূপ অভ্যাঘাতের অপসহায়তা, যদি ঐ অভ্যাঘাত সংঘটিত হয়**—যেকেহ ভারত সরকারের স্থল, নৌ বা বিমান বাহিনীর কোন আধিকারিক, সৈনিক, নাবিক বা বৈমানিক কর্তৃক কোন উর্ধ্বতন আধিকারিকের উপর ঐ আধিকারিক তাঁহার পদীয় কার্য নির্বাহে রত থাকা কালে, কোন অভ্যাঘাতে অপসহায়তা করে, সে, যদি ঐ অপসহায়তার পরিণামস্বরূপ ঐরূপ অভ্যাঘাত সংঘটিত হয়, তাহা হইলে, সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

১৩৫। **সৈনিক, নাবিক বা বৈমানিকের অভিত্যজনে অপসহায়তা**—যেকেহ ভারত সরকারের স্থল, নৌ বা বিমান বাহিনীর কোন আধিকারিক, সৈনিক, নাবিক বা বৈমানিকের অভিত্যজনে অপসহায়তা করে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

১৩৬। **অভিত্যজককে আশ্রয়দান**—যেকেহ, অতঃপর অত্র যেরূপ ব্যতিক্রম ব্যবস্থিত হইয়াছে তদ্ব্যতীত, ভারত সরকারের স্থল, নৌ বা বিমান বাহিনীর কোন আধিকারিক, সৈনিক, নাবিক বা বৈমানিক অভিত্যজন করিয়াছে, ইহা জানিয়াও বা ইহা বিশ্বাস করিবার কারণ থাকিতেও ঐরূপ আধিকারিক, সৈনিক, নাবিক বা বৈমানিককে আশ্রয়দান করে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

ব্যতিক্রম—এই বিধান সেক্ষেত্রে প্রসারিত হয় না যেক্ষেত্রে ঐ আশ্রয় স্ত্রী কর্তৃক তাহার স্বামীকে প্রদত্ত হয়।

১। বর্তমানে দি নেইভি অ্যাক্ট, ১৯৫৭ (১৯৫৭-র ৬২) দ্রষ্টব্য।

২। ১৯৫১-র ৩ আইন, ৩ ধারা ও তফসিল দ্বারা, "দি ইন্ডিয়ান এয়্যার ফ্যরস্ অ্যাক্ট, ১৯৩২"-এর স্থলে প্রতিস্থাপিত।

**১৩৭। বাণিজ্য-জলযানে মাস্টারের অবহেলার সুযোগে, অভিত্যজককে লুকাইয়া রাখা**—কোন বাণিজ্য-জলযান, যাহাতে ভারত সরকারের স্থল, নৌ বা বিমান বাহিনী হইতে অভিত্যজক কোন ব্যক্তিকে লুকাইয়া রাখা হইয়াছে, তাহার মাস্টার বা ভারপ্রাপ্ত ব্যক্তি, ঐরূপ লুকাইয়া রাখা সম্পর্কে অজ্ঞ হইলেও, পাঁচ শত টাকায় অনধিক কোন অর্থদণ্ডের দায়িতাধীন হইবে, যদি ঐরূপ মাস্টার বা ভারপ্রাপ্ত ব্যক্তিরূপে তাঁহার কর্তব্যে কিছু অবহেলা না থাকিলে বা ঐ জলযানে অনুশাসনের অভাব না থাকিলে, সে ঐরূপ লুকাইয়া রাখা সম্পর্কে জানিতে পারিত।

**১৩৮। সৈনিক, নাবিক অথবা বৈমানিকের অনধীনতামূলক কার্যে অপসহায়তা**—যেকেহ এরূপ কোন কার্যে অপসহায়তা করে যাহা সে ভারত সরকারের স্থল, নৌ বা বিমান বাহিনীর কোন আধিকারিক, সৈনিক, নাবিক অথবা বৈমানিকের অনধীনতামূলক কার্য বলিয়া জানে, সে, যদি এরূপ অপসহায়তার পরিণামস্বরূপ ঐরূপ অনধীনতামূলক কার্য সংঘটিত হয়, তাহা হইলে, ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

১৩৮ক। ভারতীয় নৌ-কৃত্যক-এর প্রতি পূর্বগামী ধারাসমূহের সংশোধক আইন, ১৯৩৪ (১৯৩৪-এর ৩৫), ২ ধারা ও তফসিল দ্বারা *নিরসিত*।

**১৩৯। কোন কোন আইনের অধীন ব্যক্তিগণ**—স্থল বাহিনী আইন, স্থল বাহিনী আইন, ১৯৫০ (১৯৫০-এর ৪৬), বা নৌ বাহিনী শৃঙ্খলা আইন, [১][ভারতীয় নৌ বাহিনী (শৃঙ্খলা) আইন, ১৯৩৪ (১৯৩৪-এর ৩৪)], বিমান বাহিনী আইন, [২][বিমান বাহিনী আইন, ১৯৫০ (১৯৫০-এর ৪৫)]-এর অধীন কোনও ব্যক্তি এই অধ্যায়ে পরিভাষিত কোনও অপরাধের জন্য এই সংহিতা অনুযায়ী দণ্ডসাপেক্ষ নহে।

**১৪০। সৈনিক, নাবিক বা বৈমানিক কর্তৃক ব্যবহৃত হয় এরূপ পোষাক পরিধান করা বা টোকেন বহন করা**—যেকেহ, ভারত সরকারের সামরিক, নৌ বা বিমান কৃত্যকের কোন সৈনিক, নাবিক বা বৈমানিক না হইয়া ঐরূপ, সৈনিক, নাবিক বা বৈমানিকের দ্বারা ব্যবহৃত পোষাক বা টোকেনের অনুরূপ কোন পোষাক বা টোকেন এই অভিপ্রায়ে, পরিধান করে বা বহন করে যে তাহাতে যেন সে একজন সৈনিক বা নাবিক বা বৈমানিক তাহা বিশ্বাস করা যায়, সে তিন মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন এক প্রকার কারাবাসে বা পাঁচশত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

## অধ্যায় ৮
## লোক-প্রশান্তি বিরুদ্ধ অপরাধ বিষয়ে

**১৪১। বিধিবিরুদ্ধ সমাবেশ**—পাঁচ বা ততোধিক ব্যক্তির কোন সমাবেশ "বিধিবিরুদ্ধ সমাবেশ"- রূপে আখ্যাত হয়, যদি, যে ব্যক্তিগণকে লইয়া ঐ সমাবেশ গঠিত হয়, তাহাদের অভিন্ন উদ্দেশ্য হয়—

*প্রথম*—আপরাধিক বলের অথবা আপরাধিক বল প্রদর্শনের দ্বারা কেন্দ্রীয় বা কোন রাজ্য সরকারকে অথবা সংসদ বা কোন রাজ্যের বিধানমণ্ডলকে অথবা কোন লোক কৃত্যকারীকে, ঐরূপ লোক কৃত্যকারীর বিধিসম্মত ক্ষমতা প্রয়োগে, ভয়াভিভূত করা ; বা

*দ্বিতীয়*—কোন বিধির অথবা কোন বৈধিক প্রক্রিয়ার নিষ্পাদন প্রতিরোধ করা ; বা

*তৃতীয়*—কোন অনিষ্ট বা আপরাধিক অনধিকার প্রবেশ অথবা অন্য অপরাধ সংঘটিত করা ; বা

---

১। বর্তমানে দি নেইভি অ্যাক্ট, ১৯৫৭ (১৯৫৭-র ৬২) দ্রষ্টব্য।

২। ১৯৫১-র ৩ আইন, ৩ ধারা ও তফসিল দ্বারা, "দি ইন্ডিয়ান এয়ার ফরস্ অ্যাক্ট, ১৯৩২"-এর স্থলে প্রতিস্থাপিত।

*চতুর্থ*—কোন ব্যক্তির প্রতি আপরাধিক বলপ্রয়োগে অথবা আপরাধিক বল প্রদর্শনের দ্বারা কোন সম্পত্তির দখল লওয়া বা লাভ করা, অথবা কোন ব্যক্তিকে পথাধিকার ভোগ করা হইতে অথবা জল ব্যবহার বা অন্য অভৌত অধিকার যাহা তাহার দখলে বা ভোগে আছে তাহা হইতে বঞ্চিত করা, অথবা কোনও অধিকার বা অনুমিত অধিকার বলবৎ করা ; বা

*পঞ্চম*—কোন ব্যক্তিকে আপরাধিক বল প্রয়োগে অথবা আপরাধিক বল প্রদর্শনের দ্বারা, যাহা করিতে সে বিধিগতভাবে বাধ্য নহে, তাহা করিতে অথবা, যাহা করিতে সে বিধিগতভাবে অধিকারী, তাহাতে অকৃতি করিতে বাধ্য করা।

**ব্যাখ্যা**—কোন সমাবেশ যাহা সমাবিষ্ট হইবার সময়ে বিধিবিরুদ্ধ ছিল না, তাহা পরবর্তীকালে বিধিবিরুদ্ধ সমাবেশে পরিণত হইতে পারে।

১৪২। **বিধিবিরুদ্ধ সমাবেশের সদস্য হওয়া**—যেকেহ, যে সকল তথ্য কোন সমাবেশকে বিধিবিরুদ্ধ সমাবেশে পরিণত করে, তৎসমূহ অবগত হইয়া সাভিপ্রায়ে ঐ সমাবেশে যোগদান করে বা উহাতে থাকিয়া যায়, সে কোন বিধিবিরুদ্ধ সমাবেশের সদস্য হইয়াছে বলা হয়।

১৪৩। **দণ্ড**—যেকেহ কোন বিধিবিরুদ্ধ সমাবেশের সদস্য হয়, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

১৪৪। **মারাত্মক অস্ত্রে সজ্জিত হইয়া বিধিবিরুদ্ধ সমাবেশে যোগ দেওয়া**—যেকেহ মারাত্মক অস্ত্রে অথবা যাহা আক্রমণের অস্ত্ররূপে ব্যবহৃত হইলে মৃত্যু সম্ভাব্যতঃ ঘটাইবে, এরূপ কোন কিছুতে সজ্জিত হইয়া কোন বিধিবিরুদ্ধ সমাবেশের সদস্য হয়, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

১৪৫। **কোন বিধিবিরুদ্ধ সমাবেশে, ঐরূপ বিধিবিরুদ্ধ সমাবেশকে ছত্রভঙ্গ হইতে সমাদিষ্ট করা হইয়াছে জানিয়া, যোগদেওয়া বা থাকিয়া যাওয়া**—যেকেহ কোন বিধিবিরুদ্ধ সমাবেশে, ঐরূপ বিধিবিরুদ্ধ সমাবেশকে ছত্রভঙ্গ হইতে বিধিদ্বারা বিহিত প্রণালীতে সমাদিষ্ট করা হইয়াছে জানিয়া, যোগ দেয় বা থাকিয়া যায়, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

১৪৬। **দাঙ্গা করা**—যখনই কোন বিধিবিরুদ্ধ সমাবেশ দ্বারা বা উহার যেকোন সদস্য দ্বারা ঐরূপ সমাবেশের অভিন্ন উদ্দেশ্য অগ্রসারণে বল বা হিংসা ব্যবহৃত হয় তখন ঐরূপ সমাবেশের প্রত্যেক সদস্য দাঙ্গা করার অপরাধে দোষী হয়।

১৪৭। **দাঙ্গা করার জন্য দণ্ড**—যেকেহ দাঙ্গা করার জন্য দোষী হয়, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

১৪৮। **মারাত্মক অস্ত্রে সজ্জিত হইয়া দাঙ্গা করা**—যেকেহ মারাত্মক অস্ত্রে অথবা যাহা আক্রমণের অস্ত্ররূপে ব্যবহৃত হইলে সম্ভাব্যতঃ মৃত্যু ঘটাইবে এরূপ কোন কিছুতে সজ্জিত হইয়া দাঙ্গা করার জন্য দোষী হয়, সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**১৪৯। বিধিবিরুদ্ধ সমাবেশের প্রত্যেক সদস্য অভিন্ন উদ্দেশ্য অগ্রসারণে সংঘটিত অপরাধে দোষী**—যদি কোন বিধিবিরুদ্ধ সমাবেশের কোন সদস্য কর্তৃক ঐ সমাবেশের অভিন্ন উদ্দেশ্য অগ্রসারণে অথবা, যাহা ঐরূপ উদ্দেশ্য অগ্রসারণে সংঘটিত হওয়া সম্ভাব্য বলিয়া ঐ সমাবেশের সদস্যগণ জানিত এরূপ, কোন অপরাধ সংঘটিত হয়, তাহা হইলে, প্রত্যেক সদস্য, যে ঐরূপ অপরাধ সংঘটিত হইবার সময়ে ঐ একই সমাবেশের সদস্য থাকে সে, ঐ অপরাধে দোষী হয়।

**১৫০। বিধিবিরুদ্ধ সমাবেশে যোগদানের জন্য ব্যক্তিগণকে ভাড়া করা বা ভাড়া করায় মৌন সম্মতি দেওয়া**—যেকেহ কোন ব্যক্তিকে কোন বিধিবিরুদ্ধ সমাবেশে যোগদান করিবার জন্য বা সদস্য হইবার জন্য ভাড়া করে বা নিয়োগ করে, অথবা নিয়োজিত করে অথবা ঐরূপ ভাড়া, নিয়োগ বা নিযুক্তি বা নিয়োজন সংপ্রবর্তন করে বা উহাতে মৌন সম্মতি দেয় সে, যেন সে ঐরূপ বিধিবিরুদ্ধ সমাবেশের সদস্য ছিল, অথবা যেন সে স্বয়ং ঐরূপ অপরাধ সংঘটিত করিয়াছিল, এইভাবে, ঐরূপ বিধিবিরুদ্ধ সমাবেশের কোন সদস্য হিসাবে, এবং যে অপরাধ ঐরূপ বিধিবিরুদ্ধ সমাবেশের কোন সদস্য হিসাবে ঐরূপ ভাড়া, নিয়োগ, নিযুক্তি বা নিয়োজন অনুসরণক্রমে ঐরূপ কোন ব্যক্তি কর্তৃক সংঘটিত হইতে পারে সেরূপ কোন অপরাধের জন্য সেই একই প্রণালীতে দণ্ডনীয় হইবে।

**১৫১। পাঁচ বা ততোধিক ব্যক্তির সমাবেশকে ছত্রভঙ্গ হইতে সমাদিষ্ট করা হইবার পর জ্ঞানতঃ উহাতে যোগদান করা বা থাকিয়া যাওয়া**—যেকেহ, পাঁচ বা ততোধিক ব্যক্তির যে সমাবেশ লোকশান্তি সম্ভাব্যতঃ বিঘ্নিত করিবে এরূপ কোন সমাবেশকে ছত্রভঙ্গ হইতে বিধিগতভাবে সমাদিষ্ট করা হইবার পর, সেই সমাবেশে জ্ঞানতঃ যোগদান করে বা থাকিয়া যায়, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**ব্যাখ্যা**—যদি ঐ সমাবেশ ১৪১ ধারার অর্থে কোন বিধিবিরুদ্ধ সমাবেশ হয়, তাহা হইলে, অপরাধকারী ১৪৫ ধারা অনুযায়ী দণ্ডনীয় হইবে।

**১৫২। লোক কৃত্যকারীকে দাঙ্গা ইত্যাদি দমন করিবার সময়ে অভ্যাঘাত করা বা বাধা দেওয়া**—যেকেহ কোন লোক কৃত্যকারীকে, কোন বিধিবিরুদ্ধ সমাবেশ ছত্রভঙ্গ করিবার অথবা কোন দাঙ্গা বা হাঙ্গামা দমন করিবার প্রয়াসে ঐরূপ লোক কৃত্যকারী রূপে তাঁহার কর্তব্য নির্বাহে অভ্যাঘাত করে বা অভ্যাঘাত করিবার ভীতি প্রদর্শন করে, অথবা বাধা দেয় বা বাধা দিবার প্রচেষ্টা করে, অথবা ঐরূপ লোক কৃত্যকারীর প্রতি আপরাধিক বল প্রয়োগ করে অথবা প্রয়োগ করিবার ভীতি প্রদর্শন করে বা প্রচেষ্টা করে, সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**১৫৩। দাঙ্গা ঘটাইবার অভিপ্রায়ে স্বৈরিতাক্রমে উৎক্ষোভন দেওয়া—দাঙ্গা সংঘটিত হইলে—সংঘটিত না হইলে**—যেকেহ বিদ্বেষপূর্ণভাবে বা স্বৈরিতাক্রমে, যাহা অবৈধ এরূপ কোন কিছু করিয়া, কোন ব্যক্তিকে উৎক্ষোভন প্রদান করে এই অভিপ্রায় করিয়া বা ইহা সম্ভাব্য জানিয়া যে ঐরূপ উৎক্ষোভন দাঙ্গা করিবার অপরাধ সংঘটিত করাইবে, সে, ঐরূপ উৎক্ষোভনের পরিণামে দাঙ্গা করিবার অপরাধ সংঘটিত হইলে, এক বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন এক প্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা এবং দাঙ্গা করিবার অপরাধ সংঘটিত না হইলে, ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

[1][**১৫৩ক। ধর্ম, প্রজাতি, জন্মস্থান, বাসস্থান, ভাষা ইত্যাদির ভিত্তিতে বিভিন্ন গোষ্ঠীর মধ্যে বৈরিতার সংপ্রবর্তন করা এবং সৌহার্দ্য রক্ষার প্রতিকূল কার্য করা**—(১) যেকেহ—

(ক) হয় কথিত না হয় লিখিত শব্দ দ্বারা অথবা সঙ্কেত চিহ্ন অথবা দৃশ্যমান প্রতিরূপণ দ্বারা বা অন্যথা, ধর্ম, প্রজাতি, জন্মস্থান, বাসস্থান, ভাষা, জাতি বা সম্প্রদায়ের ভিত্তিতে অথবা অন্য যে-কোন ভিত্তিতে বিভিন্ন ধর্মীয়, প্রজাতিগত, ভাষাভিত্তিক বা আঞ্চলিক গোষ্ঠী অথবা জাতি অথবা সম্প্রদায়ের মধ্যে অসৌহার্দ্য অথবা বৈরিতা, ঘৃণা বা অসুয়ার মনোভাব প্রোৎসাহিত করে বা করার প্রচেষ্টা করে, অথবা

(খ) এরূপ কোন কার্য সংঘটিত করে যাহা বিভিন্ন ধর্মীয়, প্রজাতিগত, ভাষাভিত্তিক বা আঞ্চলিক গোষ্ঠী অথবা জাতি অথবা সম্প্রদায়ের মধ্যে সৌহার্দ্য রক্ষার প্রতিকূল এবং যাহা লোক-প্রশান্তি বিঘ্নিত করে বা সম্ভাব্যতঃ বিঘ্নিত করিবে, অথবা

[2][(গ) কোন অনুশীলন, আন্দোলন, ড্রিল বা অন্য অনুরূপ কার্যকলাপ এরূপ অভিপ্রায়ে সংগঠিত করে যে ঐরূপ কার্যকলাপে অংশগ্রহণকারিগণ কোন ধর্মীয়, প্রজাতিগত, ভাষাভিত্তিক বা আঞ্চলিক গোষ্ঠী অথবা জাতি অথবা সম্প্রদায়ের বিরুদ্ধে আপরাধিক বল বা হিংসা ব্যবহার করিবে বা ব্যবহার করিতে প্রশিক্ষণ পাইবে অথবা ইহা সম্ভাব্য জানিয়া সংগঠিত করে যে ঐরূপ কার্যকলাপে অংশগ্রহণকারিগণ কোন ধর্মীয়, প্রজাতিগত, ভাষাভিত্তিক বা আঞ্চলিক গোষ্ঠী অথবা জাতি অথবা সম্প্রদায়ের বিরুদ্ধে আপরাধিক বল বা হিংসা ব্যবহার করিবে বা ব্যবহার করিতে প্রশিক্ষণ পাইবে অথবা ঐরূপ কার্যকলাপে কোন ধর্মীয়, প্রজাতিগত, ভাষাভিত্তিক বা আঞ্চলিক গোষ্ঠী অথবা জাতি অথবা সম্প্রদায়ের বিরুদ্ধে আপরাধিক বল বা হিংসা ব্যবহার করিবার অভিপ্রায়ে অংশগ্রহণ করে অথবা ইহা সম্ভাব্য জানিয়া অংশগ্রহণ করে যে ঐরূপ কার্যকলাপে অংশগ্রহণকারিগণ কোন ধর্মীয়, প্রজাতিগত, ভাষাভিত্তিক বা আঞ্চলিক গোষ্ঠী অথবা জাতি অথবা সম্প্রদায়ের বিরুদ্ধে আপরাধিক বল বা হিংসা ব্যবহার করিবে বা ব্যবহার করিতে প্রশিক্ষণ পাইবে এবং ঐরূপ কার্যকলাপ যেকোন কারণে ঐরূপ ধর্মীয়, প্রজাতিগত, ভাষাভিত্তিক বা আঞ্চলিক গোষ্ঠী অথবা জাতি অথবা সম্প্রদায়ের সদস্যগণের মধ্যে ভয় বা শঙ্কা বা নিরাপত্তাহীনতাবোধ উৎপন্ন করে বা সম্ভাব্যতঃ উৎপন্ন করিবে,]

সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**উপাসনাস্থান ইত্যাদিতে সংঘটিত অপরাধ**—(২) যেকেহ (১) উপধারায় বিনির্দিষ্ট কোন অপরাধ কোন উপাসনাস্থানে অথবা ধর্মীয় উপাসনা বা ধর্মীয় অনুষ্ঠান সম্পাদনে নিযুক্ত কোন সমাবেশে সংঘটিত করে, সে পাঁচ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।]

[3][**১৫৩খ। জাতীয় সংহতির প্রতিকূল অপবাদ, খ্যাপন**—(১) যেকেহ, হয় কথিত না হয় লিখিত শব্দ দ্বারা অথবা সঙ্কেত চিহ্ন দ্বারা অথবা দৃশ্যমান প্রতিরূপণ দ্বারা বা অন্যথা,—

(ক) এরূপ কোন অপবাদ দেয় বা তাহা প্রকাশিত করে যে, কোন শ্রেণীর ব্যক্তি, তাহারা কোন ধর্মীয়, প্রজাতিগত, ভাষাভিত্তিক বা আঞ্চলিক গোষ্ঠী অথবা জাতি অথবা সম্প্রদায়ের সদস্য হইবার কারণে, বিধি দ্বারা যথাপ্রতিষ্ঠিত ভারতের সংবিধানের প্রতি অকৃত্রিম নিষ্ঠা ও আনুগত্য পোষণ করিতে পারে না অথবা ভারতের সার্বভৌমত্ব ও সংহতি রক্ষা করিতে পারে না, অথবা

(খ) খ্যাপন করে, মন্ত্রণা দেয়, পরামর্শ দেয়, প্রচার করে বা প্রকাশিত করে যে, কোন শ্রেণীর ব্যক্তিগণকে, তাহারা কোন ধর্মীয়, প্রজাতিগত, ভাষাভিত্তিক বা আঞ্চলিক গোষ্ঠী অথবা জাতি অথবা সম্প্রদায়ের সদস্য হইবার কারণে, ভারতের নাগরিক হিসাবে অধিকার না দেওয়া হউক বা উহা হইতে তাহাদের বঞ্চিত করা হউক, অথবা

---

১। ১৯৬৯-এর ৩৫ আইন, ২ ধারা দ্বারা, পূর্বতন ধারার স্থলে প্রতিস্থাপিত।

২। ১৯৭২-এর ৩১ আইন, ২ ধারা দ্বারা সন্নিবেশিত।

৩। ১৯৭২-এর ৩১ আইন, ২ ধারা দ্বারা সন্নিবেশিত।

(গ) কোন শ্রেণীর লোকেদের, তাহারা কোন ধর্মীয়, বর্ণগত, ভাষাগত বা অঞ্চলগত গোষ্ঠী, জাতি বা সম্প্রদায়ের সদস্য হইবার কারণে, তাহাদের দায়িত্ব সম্পর্কে কোন খ্যাপন, মন্ত্রণা, অভিবচন বা আবেদন করে বা প্রকাশ করে এবং ঐ খ্যাপন, মন্ত্রণা, অভিবচন বা আবেদন ঐরূপ সদস্যগণ ও অন্যান্য ব্যক্তির মধ্যে অসৌহার্দ্য অথবা বৈরতা বা ঘৃণা বা অসুয়ার মনোভাব উৎপন্ন করে বা সম্ভাব্যতঃ উৎপন্ন করিতে পারে,

সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

(২) যেকেহ (১) উপধারায় বিনির্দিষ্ট কোন অপরাধ কোন উপাসনাস্থানে অথবা ধর্মীয় উপাসনা বা ধর্মীয় অনুষ্ঠান সম্পাদনে নিযুক্ত কোন সমাবেশে সংঘটিত করে, সে পাঁচ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।]

১৫৪। **যে ভূমির উপর কোন বিধিবিরুদ্ধ সমাবেশ অনুষ্ঠিত হয় সেই ভূমির মালিক বা দখলিকার**—যখনই কোন বিধিবিরুদ্ধ সমাবেশ বা দাঙ্গা ঘটে, তখন যে ভূমির উপর ঐরূপ বিধিবিরুদ্ধ সমাবেশ অনুষ্ঠিত হয় বা ঐরূপ দাঙ্গা সংঘটিত হয় সেই ভূমির মালিক বা দখলিকার এবং ঐ ভূমিতে স্বার্থসম্পন্ন বা স্বার্থদাবিকারী কোনও ব্যক্তি অনধিক এক হাজার টাকার জরিমানায় দণ্ডনীয় হইবে, যদি সে বা তাহার এজেন্ট বা পরিচালক ঐরূপ অপরাধ সংঘটিত হইতেছে বা হইয়াছে জানিয়াও অথবা উহা সংঘটিত হওয়া সম্ভাব্য এরূপ বিশ্বাস করিবার কারণ থাকিতেও, তাহার বা তাহাদের ক্ষমতাধীনে যথাশীঘ্র সম্ভব উহার নোটিশ নিকটতম থানার প্রধান আধিকারিককে প্রদান না করে এবং উহা যে সংঘটিত হইতে চলিয়াছে তাহা তাহার বা তাহাদের বিশ্বাস করিবার কারণ থাকিলে, উহা নিবারণ করিতে তাহার বা তাহাদের ক্ষমতাধীন সকল বিধিসম্মত উপায় প্রয়োগ না করে এবং উহা ঘটিত হইলে, ঐ দাঙ্গা বা বিধিবিরুদ্ধ সমাবেশ ছত্রভঙ্গ করিতে বা দমন করিতে তাহার বা তাহাদের ক্ষমতাধীন সকল বিধিসম্মত উপায় প্রয়োগ না করে।

১৫৫। **যে ব্যক্তির সুবিধার্থে দাঙ্গা সংঘটিত হয় সেই ব্যক্তির দায়িতা**—যখনই কোন দাঙ্গা এরূপ কোন ব্যক্তির সুবিধার্থে বা পক্ষে সংঘটিত হয় যে এরূপ কোন ভূমির মালিক বা দখলিকার যে—ভূমি সম্পর্কে ঐরূপ দাঙ্গা ঘটে অথবা যে ঐরূপ ভূমিতে বা যে—বিবাদের বিষয় ঐরূপ দাঙ্গা সৃষ্টি করে সেই বিষয়ে কোন স্বার্থ দাবি করে, অথবা যে উহা হইতে কোন সুবিধা গ্রহণ করিয়াছে বা প্রাপ্ত হইয়াছে, তখন ঐরূপ ব্যক্তি জরিমানায় দণ্ডনীয় হইবে, যদি সে বা তাহার এজেন্ট বা পরিচালক, ঐরূপ দাঙ্গা যে সংঘটিত হওয়া সম্ভাব্য ছিল বা যে—বিধিবিরুদ্ধ সমাবেশ দ্বারা এরূপ দাঙ্গা সংঘটিত হইয়াছিল তাহা যে অনুষ্ঠিত হওয়া সম্ভাব্য ছিল এরূপ বিশ্বাস করিবার কারণ থাকিতেও, ঐরূপ সমাবেশ বা দাঙ্গা ঘটা নিবারিত করিতে এবং উহা দমন ও ছত্রভঙ্গ করিবার জন্য, তাহার বা তাহাদের নিজ নিজ ক্ষমতাধীনে সকল বিধিসম্মত উপায় গ্রহণ না করে।

১৫৬। **যে মালিক বা দখলিকারের সুবিধার্থে দাঙ্গা সংঘটিত হয় তাহার এজেন্টের দায়িতা**—যখন কোন দাঙ্গা এরূপ কোন ব্যক্তির সুবিধার্থে বা পক্ষে সংঘটিত হয় যে এরূপ কোন ভূমির মালিক বা দখলিকার যে—ভূমি সম্পর্কে ঐরূপ দাঙ্গা ঘটে অথবা যে এরূপ ভূমিতে বা যে—বিবাদের বিষয় ঐরূপ দাঙ্গা সৃষ্টি করিয়া সেই বিষয়ে কোন স্বার্থ দাবি করে, অথবা যে উহা হইতে কোন সুবিধা গ্রহণ করিয়াছে বা প্রাপ্ত হইয়াছে,

তখন ঐরূপ ব্যক্তির এজেন্ট বা পরিচালক জরিমানায় দণ্ডনীয় হইবে, যদি ঐ এজেন্ট বা পরিচালক, ঐরূপ দাঙ্গা যে সংঘটিত হওয়া সম্ভাব্য ছিল বা যে—বিধিবিরুদ্ধ সমাবেশ দ্বারা ঐরূপ দাঙ্গা সংঘটিত হইয়াছিল তাহা যে অনুষ্ঠিত হওয়া সম্ভাব্য ছিল এরূপ বিশ্বাস করিবার কারণ থাকিতেও, ঐরূপ দাঙ্গা বা সমাবেশ ঘটা নিবারিত করিতে, এবং উহা দমন ও ছত্রভঙ্গ করিবার জন্য, তাহার ক্ষমতাধীনে সকল বিধিসম্মত উপায় গ্রহণ না করে।

১৫৭। **কোন বিধিবিরুদ্ধ সমাবেশের জন্য ভাড়া করা ব্যক্তিগণকে আশ্রয়দান করা**—যেকেহ তাহার দখল বা তাহার ভারসাধনের অধীন অথবা তাহার নিয়ন্ত্রণাধীন কোন গৃহে বা ঘরবাড়িতে এরূপ ব্যক্তিগণকে ইহা জানিয়া আশ্রয়দান করে, গ্রহণ করে বা সমবেত করে যে ঐসকল ব্যক্তিকে কোন বিধিবিরুদ্ধ সমাবেশে যোগদান করিবার বা উহার সদস্য হইবার জন্য ভাড়া করা, নিয়োগ করা বা নিয়োজিত করা হইয়াছে অথবা ভাড়া করা, নিয়োগ করা বা নিয়োজিত করা হইতে চলিয়াছে, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

১৫৮। **কোন বিধিবিরুদ্ধ সমাবেশে বা দাঙ্গায় অংশগ্রহণ করিতে ভাড়ায় যাওয়া**—যেকেহ ১৪১ ধারায় বিনির্দিষ্ট কার্যসমূহের যেকোনটি করিতে বা করিবার ক্ষেত্রে সহায়তা করিতে যাহাকে নিয়োগ করা হয় অথবা যাহাকে ভাড়া করা হয় অথবা তাহাকে যাহাতে ভাড়া করা হয় বা নিয়োগ করা হয় তজ্জন্য প্রস্তাব করে বা প্রচেষ্টা করে, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**অথবা সশস্ত্র হইয়া যাওয়া**—এবং যেকেহ, যথাপূর্বোক্তরূপ নিয়োগ পাইয়া বা ভাড়ায় যাইয়া, কোন মারাত্মক অস্ত্রে বা যাহা আক্রমণের অস্ত্ররূপে ব্যবহৃত হইলে সম্ভাব্যতঃ মৃত্যু ঘটাইবে এরূপ কোন কিছুতে সজ্জিত হইয়া যায় বা যাইবার জন্য ব্যাপৃত হয় বা যাইবার প্রস্তাব করে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

১৫৯। **হাঙ্গামা**—যখন দুই বা ততোধিক ব্যক্তি, কোন সার্বজনিক স্থানে মারামারি করিয়া, লোক-শান্তি বিঘ্নিত করে, তখন তাহারা "কোন হাঙ্গামা সংঘটিত করে" বলা হয়।

১৬০। **হাঙ্গামা সংঘটিত করিবার জন্য দণ্ড**—যেকেহ কোন হাঙ্গামা সংঘটিত করে, সে এক মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে বা একশত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

## অধ্যায় ৯

## লোক কৃত্যকারিগণ কর্তৃক কৃত বা তাঁহাদের সম্পর্কিত অপরাধ বিষয়ে

১৬১ ধারা হইতে ১৬৫ক ধারা দি প্রিভেনশন অফ করাপশন অ্যাক্ট, ১৯৮৮ (১৯৮৮-র ৪৮ আইন), ৩১ ধারা দ্বারা (৯.৯.১৯৮৮ হইতে) বাদ দেওয়া হইয়াছে।

১৬৬। **লোক কৃত্যকারী, যে কোনও ব্যক্তির হানি ঘটানোর অভিপ্রায়ে বিধি অমান্য করে**—যেকেহ, একজন লোক কৃত্যকারী হইয়া, ঐরূপ লোক কৃত্যকারীরূপে তাহাকে স্বয়ং কিরূপ আচরণ করিতে হইবে তৎসম্পর্কিত বিধির কোনও নির্দেশ জ্ঞাতসারে অমান্য করে এই অভিপ্রায় করিয়া যে সে কোন ব্যক্তির হানি ঘটাইবে বা ইহা জানিয়া যে সে, ঐরূপ অমান্যকরণের দ্বারা, সম্ভাব্যতঃ কোন ব্যক্তির হানি ঘটাইবে, সে এক বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**দৃষ্টান্ত**

ক, কোন ন্যায় আদালত কর্তৃক য-এর অনুকূলে প্রদত্ত কোন ডিক্রী পরিতুষ্টির উদ্দেশ্যে, উহা নিষ্পাদনে সম্পত্তি গ্রহণ করিতে বিধি দ্বারা নির্দেশিত কোন আধিকারিক হইয়া জ্ঞাতসারে, ঐ বিধির নির্দেশ অমান্য করিয়া সে য-এর হানি সম্ভাব্যতঃ ঘটাইবে ইহা জানিয়া, তাহা অমান্য করিল। ক এই ধারায় পরিভাষিত অপরাধ সংঘটিত করিয়াছে।

১৬৭। **লোক কৃত্যকারী, যে হানি ঘটানোর অভিপ্রায়ে কোন অশুদ্ধ দস্তাবেজ রচনা করে**—যেকেহ, একজন লোক কৃত্যকারী হইয়া এবং ঐরূপ লোক কৃত্যকারী রূপে, কোন দস্তাবেজ তৈয়ারীর বা অনুবাদের ভারপ্রাপ্ত হইয়া ঐ দস্তাবেজ, তদ্দ্বারা কোন ব্যক্তির হানি ঘটাইবার অভিপ্রায় করিয়া অথবা তদ্দ্বারা সম্ভাব্যতঃ সে কোন ব্যক্তির হানি ঘটাইবে ইহা জানিয়া এরূপ প্রণালীতে তৈয়ারী বা অনুবাদ করে যাহা সে অশুদ্ধ বলিয়া জানে বা বিশ্বাস করে, সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

১৬৮। **লোক কৃত্যকারী, যে বিধিবিরুদ্ধভাবে কারবারে ব্যাপৃত থাকে**—যেকেহ, একজন লোক কৃত্যকারী হইয়া এবং ঐরূপ লোক কৃত্যকারীরূপে কারবারে ব্যাপৃত না হইতে বিধিগতভাবে বাধ্য থাকিয়া, কারবারে ব্যাপৃত হয়, সে এক বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

১৬৯। **লোক কৃত্যকারী, যে বিধিবিরুদ্ধভাবে সম্পত্তি ক্রয় করে বা উহার জন্য নিলামডাক দেয়**—যেকেহ একজন লোক কৃত্যকারী হইয়া এবং ঐরূপ লোক কৃত্যকারীরূপে কোন এক সম্পত্তি ক্রয় না করিতে বা উহার জন্য নিলামডাক না দিতে বিধিগতভাবে বাধ্য থাকিয়া ঐ সম্পত্তি হয় তাহার নিজের নামে না হয়, অন্য কাহারও নামে অথবা যৌথভাবে অথবা অন্যান্যদের সহিত অংশে ক্রয় করে বা উহার জন্য নিলামডাক দেয়, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে ; এবং ঐ সম্পত্তি, ক্রীত হইয়া থাকিলে উপগৃহীত হইবে।

১৭০। **কোন লোক কৃত্যকারীকে ব্যক্তিরূপণ করা**—যেকেহ, কোন লোক কৃত্যকারীরূপে কোন বিশেষ পদ সে ধারণ করে না জানিয়া, সেরূপ পদ ধারণ করে বলিয়া ভান করে অথবা ঐরূপ পদধারী অন্য কোন ব্যক্তিকে মিথ্যাভাবে ব্যক্তিরূপণ করে এবং ঐরূপ ছলচরিত্রে সেরূপ পদের আভাস দিয়া কোনও কার্য করে বা করিতে চেষ্টা করে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

১৭১। **লোক কৃত্যকারী কর্তৃক যেরূপ ব্যবহৃত হয়, প্রতারণামূলক অভিপ্রায়ে সেরূপ পোষাক পরিধান করা বা টোকেন বহন**—যেকেহ, লোক কৃত্যকারিগণের কোন বিশেষ একশ্রেণীর অন্তর্গত না হইয়া, সেই শ্রেণীর লোক কৃত্যকারিগণ যেরূপ পোষাক বা টোকেন ব্যবহার করে তৎসদৃশ কোনও পোষাক বা টোকেন, সে যে লোক কৃত্যকারিগণের সেই শ্রেণীর অন্তর্গত তাহা যেন বিশ্বাস করা যায়, এই অভিপ্রায়ে অথবা তাহা বিশ্বাস করা সম্ভাব্য, ইহা জানিয়া পরিধান করে বা বহন করে, সে তিন মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে বা দুইশত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

## অধ্যায় ৯ক
## নির্বাচন সম্পর্কিত অপরাধ বিষয়ে

১৭১ক। "প্রার্থী", "নির্বাচন অধিকার" পরিভাষিত—এই অধ্যায়ের প্রয়োজনার্থে—

[1][(ক) "প্রার্থী" বলিতে এরূপ কোন ব্যক্তিকে বুঝাইবে যে কোন নির্বাচনে প্রার্থী হিসাবে মনোনীত হইয়াছে ;]

(খ) "নির্বাচন অধিকার" বলিতে কোন নির্বাচনে প্রার্থী হিসাবে কোন ব্যক্তির দাঁড়াইবার বা না দাঁড়াইবার অথবা প্রার্থীপদ প্রত্যাহার করিবার অথবা ভোটদানের বা ভোটদান হইতে বিরত থাকিবার অধিকার বুঝাইবে।

১৭১খ। উৎকোচ দেওয়া নেওয়া—(১) যেকেহ—

(i) কোন ব্যক্তিকে, কোন নির্বাচন অধিকার প্রয়োগ করিবার জন্য তাহাকে বা অন্য কোন ব্যক্তিকে প্ররোচিত করিবার উদ্দেশ্যে, অথবা কোন ব্যক্তিকে, সে ঐরূপ কোন অধিকার প্রয়োগ করিয়াছে বলিয়া, পুরস্কার প্রদানের উদ্দেশ্যে, পারিতোষিক প্রদান করে ; বা

(ii) ঐরূপ কোন অধিকার প্রয়োগ করিবার অথবা ঐরূপ কোন অধিকার প্রয়োগ করিতে অন্য কোন ব্যক্তিকে প্ররোচিত করিবার বা প্ররোচিত করিতে প্রচেষ্টা করিবার পুরস্কাররূপে তাহার নিজের জন্য বা অন্য কোন ব্যক্তির জন্য কোন পারিতোষিক প্রতিগ্রহণ করে,

সে উৎকোচের অপরাধ সংঘটিত করে ঃ

তবে, সরকারী নীতি সম্পর্কিত কোন ঘোষণা অথবা সরকারী ব্যবস্থা সম্পর্কিত কোন বচন এই ধারার অধীন কোন অপরাধ হইবে না।

(২) কোন ব্যক্তি, যে-কোন পারিতোষিক প্রদান করিবার প্রস্থাপন করে বা প্রদান করিতে সম্মত হয় অথবা সংগ্রহ করিবার প্রস্থাপন করে বা প্রচেষ্টা করে সে, কোন পারিতোষিক প্রদান করে বলিয়া গণ্য হইবে।

(৩) কোন ব্যক্তি, যে-কোন পারিতোষিক লাভ করে বা প্রতিগ্রহণ করিতে সম্মত হয় বা লাভ করিবার প্রচেষ্টা করে সে, কোন পারিতোষিক প্রতিগ্রহণ করে বলিয়া গণ্য হইবে এবং কোন ব্যক্তি, যে যাহা করিতে সে অভিপ্রায় করে না তাহা করিবার প্রবর্তনা হিসাবে অথবা যাহা সে করে নাই তাহা করিবার জন্য পুরস্কার হিসাবে কোন পারিতোষিক গ্রহণ করে সে, ঐ পারিতোষিক কোন পুরস্কার হিসাবে প্রতিগ্রহণ করিয়াছে বলিয়া গণ্য হইবে।

১৭১গ। নির্বাচনে অন্যায্য প্রভাব—(১) যেকেহ কোন নির্বাচন অধিকারের অবাধ প্রয়োগে স্বেচ্ছাকৃতভাবে হস্তক্ষেপ করে বা হস্তক্ষেপ করিবার প্রচেষ্টা করে, সে কোন নির্বাচনে অন্যায্য প্রভাব বিস্তারের অপরাধ সংঘটিত করে।

(২) (১) উপধারার বিধানসমূহের ব্যাপকতা ক্ষুণ্ণ না করিয়া, যেকেহ—

(ক) কোন প্রার্থী বা ভোটদাতাকে অথবা যে ব্যক্তির সহিত কোন প্রার্থী বা ভোটদাতা স্বার্থান্বিত তাহাকে কোনও প্রকারের হানি ঘটাইবার ভীতি প্রদর্শন করে, অথবা

(খ) কোন প্রার্থী বা ভোটদাতাকে এরূপ বিশ্বাস করিতে প্ররোচিত করে বা প্ররোচিত করিবার প্রচেষ্টা করে যে, সে বা যে ব্যক্তির সহিত সে স্বার্থান্বিত সেই ব্যক্তি কোন দৈবী অসন্তোষ বা আধ্যাত্মিক পরিনিন্দার ভাজন হইবে বা তদ্রূপে পরিগণিত হইবে,

সে, (১) উপধারার অর্থে, ঐরূপ প্রার্থী বা ভোটদাতার নির্বাচন অধিকারের অবাধ প্রয়োগে হস্তক্ষেপ করে বলিয়া গণ্য হইবে।

---

১। ১৯৭৫-এর ৪০ আইন, ৯ ধারা দ্বারা প্রতিস্থাপিত।

(৩) সরকারী নীতি সম্পর্কিত কোন ঘোষণা বা সরকারী ব্যবস্থা সম্পর্কিত কোন বচন অথবা কোন নির্বাচন অধিকারে হস্তক্ষেপের অভিপ্রায় ব্যতীত কোন বিধিগত অধিকারের শুধুমাত্র প্রয়োগ, এই ধারার অর্থে হস্তক্ষেপ বলিয়া গণ্য হইবে না।

**১৭১ঘ। নির্বাচনে ব্যক্তিরূপণ**—যেকেহ কোন নির্বাচনে, জীবিত বা মৃত যাহাই হউক, অন্য কোন ব্যক্তির নামে, বা কোন কল্পিত নামে, কোন ভোটপত্রের জন্য আবেদন করে বা ভোট দেয় অথবা যে ঐরূপ নির্বাচনে একবার ভোটদানের পর ঐ একই নির্বাচনে তাহার নিজের নামে কোন ভোটপত্রের জন্য আবেদন করে সে এবং যেকেহ কোন ব্যক্তির দ্বারা ঐরূপ কোনও উপায়ে ভোটদানে অপসহায়তা করে, ভোট সংগ্রহ করে বা সংগ্রহ করিবার প্রচেষ্টা করে সে কোন নির্বাচনে ব্যক্তিরূপণের অপরাধ সংঘটিত করে।

**১৭১ঙ। উৎকোচ দেওয়া- নেওয়ার জন্য দণ্ড**—যেকেহ উৎকোচ দেওয়া নেওয়ার অপরাধ সংঘটিত করে সে এক বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে ঃ

তবে, আপ্যায়নের মাধ্যমে উৎকোচ দেওয়া নেওয়া কেবল জরিমানায় দণ্ডিত হইবে।

**ব্যাখ্যা**—"আপ্যায়ন" বলিতে সেই প্রকারের উৎকোচ দেওয়া-নেওয়া বুঝায় যেক্ষেত্রে পারিতোষিকে খাদ্য, পানীয়, বিনোদন বা রসদ থাকে।

**১৭১চ। কোন নির্বাচনে অন্যায্য প্রভাব বিস্তারের বা ব্যক্তিরূপণের জন্য দণ্ড**—যেকেহ কোন নির্বাচনে অন্যায্য প্রভাব বিস্তারে বা ব্যক্তিরূপণের অপরাধ সংঘটিত করে সে এক বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**১৭১ছ। কোন নির্বাচন সম্পর্কে মিথ্যা বিবৃতি**—যেকেহ কোন নির্বাচনের ফলাফল প্রভাবিত করিবার অভিপ্রায়ে কোন প্রার্থীর ব্যক্তিগত চরিত্র বা আচরণ সম্বন্ধে তথ্যের বিবৃতি বলিয়া তাৎপর্যিত কোনও বিবৃতি দেয় বা প্রকাশ করে যাহা মিথ্যা এবং যাহা হয় সে মিথ্যা বলিয়া জানে বা বিশ্বাস করে অথবা সত্য বলিয়া বিশ্বাস করে না, সে জরিমানায় দণ্ডিত হইবে।

**১৭১জ। কোন নির্বাচন সম্পর্কে অবৈধ অর্থ-প্রদান**—যেকেহ কোন প্রার্থীর সাধারণ বা বিশেষ লিখিত প্রাধিকার ব্যতিরেকে ঐরূপ প্রার্থীর নির্বাচন প্রবর্ধিত করিবার বা তাহাকে নির্বাচিত করাইবার উদ্দেশ্যে কোন জনসভা অনুষ্ঠিত করিবার জন্য অথবা কোন বিজ্ঞাপন, পরিপত্রণ বা প্রকাশনের উপর অথবা অন্য যে-কোন উপায়ে ব্যয় নির্বাহ করে বা ব্যয় প্রাধিকৃত করে, সে পাঁচ শত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে ঐরূপ জরিমানায় দণ্ডিত হইবে ঃ

তবে, যদি কোন ব্যক্তি প্রাধিকার ব্যতিরেকে দশ টাকা অর্থপরিমাণের অনধিক ঐরূপ কোন ব্যয় নির্বাহ করিবার পর, যে তারিখে ঐরূপ ব্যয় নির্বাহিত হইয়াছিল সেই তারিখ হইতে দশ দিনের মধ্যে, ঐ প্রার্থীর লিখিত অনুমোদন লাভ করে, সে ঐরূপ ব্যয় সেই প্রার্থীর প্রাধিকার লইয়া নির্বাহিত করিয়াছে বলিয়া গণ্য হইবে।

**১৭১ঝ। নির্বাচন সংক্রান্ত হিসাব রক্ষায় ব্যর্থতা**—যেকেহ, তৎকালে বলবৎ কোনও বিধি দ্বারা বা বিধির বল সম্পন্ন কোন নিয়ম দ্বারা, কোন নির্বাচনে বা নির্বাচন সম্পর্কে নির্বাহিত ব্যয়ের হিসাব রক্ষা করিতে অনুজ্ঞাত হইয়া ঐরূপ হিসাব রক্ষা করিতে ব্যর্থ হয়, সে পাঁচ শত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে ঐরূপ জরিমানায় দণ্ডিত হইবে।

## অধ্যায় ১০

### লোক কৃত্যকারীর বিধিসম্মত প্রাধিকারের অবমাননা বিষয়ে

১৭২। **সমন জারি বা অন্য কার্যবাহ এড়াইবার জন্য ফেরার হওয়া**—যেকেহ কোন সমন, নোটিশ, আদেশ জারি এড়াইবার জন্য ফেরার হয়, যাহা ঐরূপ সমন, নোটিশ বা আদেশ জারি করিতে যে লোক কৃত্যকারী ঐরূপ লোক কৃত্যকারীরূপে বিধিগতভাবে ক্ষমতাপন্ন তাঁহার দ্বারা প্রেরিত হয়, সে একমাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা পাঁচ শত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে ;

অথবা, যদি ঐ সমন বা নোটিশ বা আদেশ কোন ন্যায়-আদালতে স্বয়ং বা এজেন্টের মাধ্যমে হাজির হইবার বা কোন দস্তাবেজ উপস্থাপিত করিবার জন্য হয়, তাহা হইলে, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

১৭৩। **সমন জারি বা অন্য কার্যবাহ প্রতিরোধ করা অথবা উহার প্রকাশন প্রতিরোধ করা**—যেকেহ কোন সমন, নোটিশ বা আদেশ তাহার উপর, বা অন্য কোনও ব্যক্তির উপর, জারি হওয়া কোনও প্রণালীতে সাভিপ্রায়ে প্রতিরোধ করে, যাহা ঐরূপ সমন, নোটিশ বা আদেশ জারি করিতে যে লোক কৃত্যকারী ঐরূপ লোক কৃত্যকারীরূপে বিধিগতভাবে ক্ষমতাপন্ন, তাঁহার দ্বারা প্রেরিত হয়,

অথবা, কোন স্থানে ঐরূপ কোনও সমন, নোটিশ বা আদেশের বিধিসম্মত সংযোজন সাভিপ্রায়ে প্রতিরোধ করে,

অথবা, ঐরূপ কোন সমন, নোটিশ বা আদেশ, যে স্থানে উহা বিধিসম্মত ভাবে সংযোজিত, সেরূপ কোন স্থান হইতে সাভিপ্রায়ে অপসারিত করে,

অথবা, যে লোক কৃত্যকারী, যে ঐরূপ লোক কৃত্যকারীরূপে, কোন উদ্‌ঘোষণা জারি করিবার নির্দেশ প্রদান করিতে বিধিগতভাবে ক্ষমতাপন্ন তাঁহার প্রাধিকারের অধীন ঐরূপ কোন উদ্‌ঘোষণার বিধিসম্মতভাবে জারিকরণ সাভিপ্রায়ে প্রতিরোধ করে,

সে এক মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা পাঁচ শত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে,

অথবা, যদি ঐ সমন, নোটিশ, আদেশ বা উদ্‌ঘোষণা কোন ন্যায় আদালতে স্বয়ং বা এজেন্টের মাধ্যমে হাজির হইবার বা কোন দস্তাবেজ উপস্থাপিত করিবার জন্য হয়, তাহা হইলে, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

১৭৪। **লোক কৃত্যকারীর আদেশ অমান্য করিয়া হাজির না থাকা**—যেকেহ কোন সমন, নোটিশ, আদেশ বা উদ্‌ঘোষণা যাহা জারি করিতে কোন লোক কৃত্যকারী, বিধিগতভাবে ক্ষমতাপন্ন, তাহার দ্বারা, প্রেরিত, তাহার মান্যকরণে কোন বিশেষ স্থানে ও সময়ে স্বয়ং বা কোন এজেন্টের মাধ্যমে হাজির হইবার জন্য বিধিগতভাবে বাধ্য থাকিয়া,

সাভিপ্রায়ে ঐ স্থানে বা সময়ে হাজির হইতে অকৃতি করে অথবা যেস্থানে সে হাজির থাকিতে বাধ্য সেই স্থান হইতে যে সময়ে প্রস্থান করা তাহার পক্ষে বিধিসম্মত হয় সেই সময়ের পূর্বেই প্রস্থান করে,

সে এক মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা পাঁচ শত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে,

অথবা যদি ঐ সমন, নোটিশ, আদেশ বা উদ্‌ঘোষণা কোন ন্যায় আদালতে স্বয়ং বা এজেন্টের মাধ্যমে হাজির হইবার জন্য হয়, তাহা হইলে, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

দৃষ্টান্ত

(ক) ক, কলিকাতা [1][হাইকোর্টের] সমক্ষে, ঐ আদালতের নিকট হইতে জারিকৃত কোন সপীনার মান্যকরণে, হাজির হইতে বিধিগতভাবে বাধ্য হইয়াও হাজির হইতে সাভিপ্রায়ে অকৃতি করে। ক এই ধারায় পরিভাষিত অপরাধ সংঘটিত করিয়াছে।

(খ) ক, কোন [2][জেলা জজের] সমক্ষে, ঐ [2][জেলা জজ] কর্তৃক জারিকৃত কোন সমনের মান্যকরণে, সাক্ষীরূপে উপস্থিত হইতে বিধিগতভাবে বাধ্য হইয়াও উপস্থিত হইতে সাভিপ্রায়ে অকৃতি করে। ক এই ধারায় পরিভাষিত অপরাধ সংঘটিত করিয়াছে।

১৭৫। **লোক কৃত্যকারীর নিকট দস্তাবেজ উপস্থাপন করিতে বিধিগতভাবে বাধ্য ব্যক্তির দস্তাবেজ উপস্থাপনের অকৃতি**—যেকেহ কোন লোক কৃত্যকারীর নিকট, ঐরূপ লোক কৃত্যকারী রূপে, কোন দস্তাবেজ উপস্থাপন করিতে বা অর্পণ করিতে বিধিগতভাবে বাধ্য হইয়াও উহা ঐরূপে উপস্থাপন বা অর্পণ করিতে সাভিপ্রায় অকৃতি করে, সে এক মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা পাঁচ শত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে,

অথবা, যদি ঐ দস্তাবেজ কোন ন্যায় আদালতে উপস্থাপিত বা অর্পিত করিবার জন্য হয়, তাহা হইলে, ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

দৃষ্টান্ত

ক, কোন [3][জেলা আদালতের] সমক্ষে কোন দস্তাবেজ উপস্থাপন করিতে বাধ্য হইয়াও উহা উপস্থাপন করিতে সাভিপ্রায়ে অকৃতি করে। ক এই ধারায় পরিভাষিত অপরাধ সংঘটিত করিয়াছে।

১৭৬। **লোক কৃত্যকারীর নিকট নোটিশ বা এত্তেলা দিতে বিধিগতভাবে বাধ্য ব্যক্তি কর্তৃক তাহা দিতে অকৃতি**—যেকেহ কোনও লোক কৃত্যকারীর নিকট, ঐরূপ লোক কৃত্যকারী রূপে, কোন বিষয়ের উপর কোন নোটিশ প্রদান করিতে বা এত্তেলা দাখিল করিতে বিধিগতভাবে বাধ্য হইয়াও, বিধি দ্বারা অনুজ্ঞাত প্রণালীতে ও সময়ে ঐরূপ নোটিশ প্রদান বা ঐরূপ এত্তেলা দাখিল করিতে সাভিপ্রায়ে অকৃতি করে সে এক মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা পাঁচ শত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে,

অথবা, যদি প্রদত্ত হইবার জন্য অনুজ্ঞাত ঐ নোটিশ বা এত্তেলা কোন অপরাধ সংঘটন সম্পর্কিত হয়, অথবা কোন অপরাধ সংঘটন প্রতিরোধের উদ্দেশ্যে আবশ্যক হয়, অথবা কোন অপরাধকারীকে সংরোধার্থ হয়, তাহা হইলে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে,

অথবা, যদি প্রদত্ত হইবার জন্য অনুজ্ঞাত নোটিশ বা এত্তেলা ফৌজদারী প্রক্রিয়া সংহিতা, ১৮৯৮ (১৮৯৮-এর ৫)-এর ৫৬৫ ধারার (১) উপধারা অনুযায়ী প্রদত্ত কোন আদেশ দ্বারা অনুজ্ঞাত হয়, তাহা হইলে, ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

১৭৭। **মিথ্যা এত্তেলা দাখিল করা**—যেকেহ কোন লোক কৃত্যকারীর নিকট, ঐরূপ লোক কৃত্যকারীরূপে, কোনও বিষয়ের উপর এত্তেলা দাখিল করিতে বিধিগতভাবে বাধ্য হইয়া ঐ বিষয়ের উপর সত্যরূপে এরূপ এত্তেলা দাখিল করে যাহা মিথ্যা বলিয়া সে জানে বা তাহার বিশ্বাস করিবার কারণ থাকে, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে,

---

১। অভিযোজন আদেশ, ১৯৫০ দ্বারা, "সুপ্রীম কোর্ট"-এর স্থলে প্রতিস্থাপিত।

২। অভিযোজন আদেশ, ১৯৫০ দ্বারা, "জিলা জজ"-এর স্থলে প্রতিস্থাপিত।

৩। অভিযোজন আদেশ, ১৯৫০ দ্বারা, "জিলা আদালত"-এর স্থলে প্রতিস্থাপিত।

অথবা, যদি, যে এত্তেলা প্রদান করিতে সে বিধিগতভাবে বাধ্য, সেই এত্তেলা কোন অপরাধ সংঘটন সম্পর্কিত হয়, অথবা কোন অপরাধ সংঘটন প্রতিরোধের উদ্দেশ্যে আবশ্যক হয়, অথবা কোন অপরাধকারীকে সংরোধার্থ হয়, তাহা হইলে, দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**দৃষ্টান্ত**

(ক) জনৈক ভূমিধারী ক, তাহার এস্টেটের সীমার মধ্যে কোন হত্যা সংঘটনের কথা জানিয়াও, ঐ জেলার ম্যাজিস্ট্রেটকে ইচ্ছাকৃতভাবে ভুল এত্তেলা দেয় যে ঐ মৃত্যু কোন সাপের কামড়ের পরিণামস্বরূপ দুর্ঘটনাবশতঃ ঘটিয়াছে। ক এই ধারায় পরিভাষিত অপরাধে দোষী।

(খ) জনৈক গ্রাম চৌকিদার ক, ইহা জানিয়া যে বেশ কিছু বহিরাগত কোন পার্শ্ববর্তী স্থানে বসবাসকারী কোন ধনী ব্যবসায়ী য-এর বাড়িতে ডাকাতি সংঘটিত করিবার উদ্দেশ্যে তাহার গ্রামের মধ্য দিয়া গিয়াছে, এবং বঙ্গীয় সংহিতা ১৮২১-এর ৩ প্রনিয়মের ৭ ধারার ৫ প্রকরণ অনুযায়ী, নিকটতম থানার আধিকারিককে উপরোক্ত ঘটনার শীঘ্র ও সময়মত এত্তেলা প্রদান করিতেবাধ্য হইয়াও, পুলিশ আধিকারিককে ইচ্ছাকৃতভাবে ভুল এত্তেলা দেয় যে সন্দিগ্ধ চরিত্রের বড় একদল লোক ভিন্ন দিকের কোন দূরবর্তী স্থানে ডাকাতি সংঘটিত করিবার উদ্দেশ্যে গ্রামের মধ্য দিয়া গিয়াছে। এস্থলে ক এই ধারার দ্বিতীয়াংশে পরিভাষিত অপরাধে দোষী।

ব্যাখ্যা—১৭৬ ধারায় এবং এই ধারায় "অপরাধ" এই শব্দটি ভারতের বাহিরে কোনও স্থানে সংঘটিত এরূপ কোনও কার্যকে অন্তর্ভুক্ত করে যাহা, ভারতের মধ্যে সংঘটিত হইলে, নিম্নলিখিত ধারাসমূহ যথা, ৩০২, ৩০৪, ৩৮২, ৩৯২, ৩৯৩, ৩৯৪, ৩৯৫, ৩৯৬, ৩৯৭, ৩৯৮, ৩৯৯, ৪০২, ৪৩৫, ৪৩৬, ৪৪৯, ৪৫০, ৪৫৭, ৪৫৮, ৪৫৯ ও ৪৬০, ধারার মধ্যে যেকোন ধারা অনুযায়ী দণ্ডনীয় হইত এবং "অপরাধকারী" শব্দটি এরূপ কোন ব্যক্তিকে অন্তর্ভুক্ত করে যে ঐরূপ কার্যদোষে দোষী হইয়াছে বলিয়া অভিকথিত হয়।

১৭৮। **শপথ বা প্রতিজ্ঞা করিতে অস্বীকার করা যখন উহা করিতে লোক কৃত্যকারী কর্তৃক যথাযথভাবে অনুজ্ঞা প্রদত্ত হয়**—যেকেহ সত্য বিবৃত করিবার জন্য শপথ বা প্রতিজ্ঞা দ্বারা নিজেকে আবদ্ধ করিতে অস্বীকার করে যখন যে লোক কৃত্যকারী তাহাকে ঐভাবে নিজেকে আবদ্ধ করিতে হইবে বলিয়া অনুজ্ঞাত করিতে বিধিগতভাবে ক্ষমতাপন্ন তৎকর্তৃক ঐভাবে নিজেকে আবদ্ধ করিতে অনুজ্ঞাত হয়, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

১৭৯। **প্রশ্ন করিতে প্রাধিকৃত লোক কৃত্যকারীকে উত্তর দিতে অস্বীকার করা**—যেকেহ, কোন লোক কৃত্যকারীর নিকট কোনও বিষয়ে সত্য বিবৃত করিতে বিধিগতভাবে বাধ্য থাকিয়াও ঐরূপ লোক কৃত্যকারীর বিধিগত ক্ষমতাসমূহের প্রয়োগে ঐরূপ লোক কৃত্যকারী কর্তৃক ঐ বিষয় সম্পর্কে কোনও প্রশ্ন জিজ্ঞাসিত হইলে তাহার উত্তর দিতে অস্বীকার করে সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

১৮০। **বিবৃতি স্বাক্ষর করিতে অস্বীকার করা**—যেকেহ তৎকর্তৃক প্রদত্ত কোন বিবৃতি স্বাক্ষর করিতে অস্বীকার করে, যখন, যে লোক কৃত্যকারী তাহাকে উহা স্বাক্ষর করিতে হইবে বলিয়া অনুজ্ঞাত করিতে বিধিগতভাবে ক্ষমতাপন্ন তৎকর্তৃক ঐ বিবৃতি স্বাক্ষর করিতে অনুজ্ঞাত হয়, সে তিন মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা পাঁচ শত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

১৮১। **লোক কৃত্যকারীর নিকট অথবা কোন শপথ গ্রহণ বা প্রতিজ্ঞা করাইতে প্রাধিকৃত ব্যক্তির নিকট শপথ বা প্রতিজ্ঞা পূর্বক মিথ্যা বিবৃতি**—যেকেহ কোনও শপথ বা প্রতিজ্ঞা দ্বারা কোনও বিষয়ে সত্য বিবৃত করিতে কোন লোক কৃত্যকারীর নিকট বা ঐরূপ শপথ গ্রহণ বা প্রতিজ্ঞা করাইতে বিধি দ্বারা প্রাধিকৃত অন্য ব্যক্তির নিকট বিধিগতভাবে বাধ্য থাকিয়াও ঐরূপ লোক কৃত্যকারী বা যথাপূর্বোক্ত অন্য ব্যক্তির নিকট ঐ বিষয় সম্পর্কে এরূপ কোন বিবৃতি দেয় যাহা মিথ্যা, এবং যাহা সে মিথ্যা বলিয়া হয় জানে বা বিশ্বাস করে অথবা সত্য বলিয়া বিশ্বাস করে না, সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

১৮২। **লোক কৃত্যকারীকে দিয়া তাহার বিধিসম্মত ক্ষমতা অন্য ব্যক্তির পক্ষে হানিকরভাবে প্রয়োগ করাইবার অভিপ্রায়ে, মিথ্যা এত্তেলা প্রদান**—যেকেহ কোনও লোক কৃত্যকারীকে এরূপ কোনও এত্তেলা যাহা সে মিথ্যা বলিয়া জানে বা বিশ্বাস করে তাহা প্রদান করে তদ্দ্বারা সে ঐ লোক কৃত্যকারীকে দিয়া এরূপ করাইবে এই অভিপ্রায়ে বা তদ্দ্বারা সে সম্ভাব্যতঃ এরূপ করাইতে পারিবে জানিয়া যাহাতে ঐ লোক কৃত্যকারী—

(ক) এরূপ কোনকিছু করে বা করিতে অকৃতি করে যাহা ঐরূপ লোক কৃত্যকারীর পক্ষে, যেসকল তথ্য সম্পর্কে ঐরূপ এত্তেলা প্রদত্ত হয় সেই সকল তথ্যের প্রকৃত অবস্থা তাহার জানা থাকিলে, করা বা করিতে অকৃতি করা উচিত নহে, অথবা

(খ) ঐরূপ লোক কৃত্যকারী কোনও ব্যক্তির পক্ষে হানিকর বা বিরক্তিকরভাবে তাহার বিধিসম্মত ক্ষমতা ব্যবহার করে,

সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**দৃষ্টান্ত**

(ক) ক, একজন ম্যাজিস্ট্রেটকে, ঐ ম্যাজিস্ট্রেটের অধস্তন কোন পুলিশ আধিকারিক, য, কর্তব্যে অবহেলা বা অসদাচরণের দোষে দোষী হইয়াছে, এরূপ এত্তেলা ইহা জানিয়া দেয় যে ঐ এত্তেলা মিথ্যা এবং ইহা সম্ভাব্য জানিয়া দেয় যে ঐ এত্তেলার বলে ম্যাজিস্ট্রেট য-কে পদচ্যুত করিবেন। ক এই ধারায় পরিভাষিত অপরাধ সংঘটিত করিয়াছে।

(খ) ক, কোন লোক কৃত্যকারীকে, য-এর নিকট কোন গুপ্তস্থানে নিষিদ্ধ লবণ রহিয়াছে, এরূপ এত্তেলা মিথ্যাভাবে ইহা জানিয়া দেয় যে ঐ এত্তেলা মিথ্যা এবং এরূপ সম্ভাব্য জানিয়া দেয় যে ঐ এত্তেলার পরিণামে য-এর ঘরবাড়ির তল্লাসী করা হইবে, যাহার ফলে য-এর বিরক্তি ঘটিবে। ক এই ধারায় পরিভাষিত অপরাধ সংঘটিত করিয়াছে।

(গ) ক, কোন পুলিশের কোন ব্যক্তিকে, মিথ্যাভাবে এরূপ এত্তেলা দেয় যে বিশিষ্ট কোন গ্রামের প্রতিবেশাঞ্চলে তাহাকে অভ্যাঘাত করা হইয়াছে ও তাহার উপর দস্যুতা করা হইয়াছে। সে তাহার উপর অভ্যাঘাতকারিগণের মধ্যে একজন ব্যক্তিরও নামোল্লেখ করে না, কিন্তু ইহা জানে যে এই এত্তেলার পরিণামে সম্ভাব্যতঃ পুলিশ ঐ গ্রামে অনুসন্ধান করিবে এবং তল্লাসী চালাইবে যাহার ফলে গ্রামবাসিগণ বা তাহাদের মধ্যে কেহ কেহ বিরক্ত হইবে। ক এই ধারার অধীন একটি অপরাধ করিয়াছে।

১৮৩। **কোন লোক কৃত্যকারীর বিধিসম্মত প্রাধিকার দ্বারা সম্পত্তি গ্রহণে প্রতিরোধ করা**—যেকেহ কোন লোক কৃত্যকারীর বিধিসম্মত প্রাধিকারের দ্বারা কোন সম্পত্তি গ্রহণে, সে ঐরূপ লোক কৃত্যকারী ইহা জানিয়াও এবং বিশ্বাস করিবার কারণ থাকাতেও, কোনও প্রতিরোধ প্রস্থাপন করে, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

১৮৪। **লোক কৃত্যকারীর প্রাধিকারের দ্বারা বিক্রয়ের জন্য প্রস্থাপিত সম্পত্তির বিক্রয়ে বাধা দেওয়া**—যেকেহ কোন লোক কৃত্যকারীর, ঐরূপ লোক কৃত্যকারীরূপে, বিধিসম্মত প্রাধিকার দ্বারা বিক্রয়ের জন্য প্রস্থাপিত সম্পত্তির কোন বিক্রয়ে সাভিপ্রায়ে বাধাদান করে, সে এক মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা পাঁচ শত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

১৮৫। **লোক কৃত্যকারীর প্রাধিকারের দ্বারা বিক্রয়ের জন্য প্রস্থাপিত সম্পত্তির অবৈধ ক্রয় বা নিলাম-ডাক**—যেকেহ কোন লোক কৃত্যকারীর, ঐরূপ লোক কৃত্যকারীরূপে, বিধিসম্মত প্রাধিকার দ্বারা অনুষ্ঠিত কোন সম্পত্তি বিক্রয়ে, এরূপ কোনও ব্যক্তি, সে নিজেই হউক বা অন্য কোন ব্যক্তিই হউক, যাহাকে সে ঐ বিক্রয়ে ঐ সম্পত্তি ক্রয় করিতে কোন বিধিগত অক্ষমতার অধীন বলিয়া জানে, তাহার নিমিত্ত কোন সম্পত্তি ক্রয় করে বা তজ্জন্য নিলাম-ডাক দেয় অথবা ঐরূপ নিলাম-ডাকার ফলে সে নিজে যেসকল দায়িত্বের মধ্যে পড়ে সেই সকল দায়িত্ব পালন করিবার অভিপ্রায় না করিয়া ঐরূপ সম্পত্তির জন্য নিলাম-ডাক দেয়, সে এক মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা দুই শত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

১৮৬। **লোক কৃত্যকারীকে লোক কৃত্য সম্পাদনে বাধা দেওয়া**—যেকেহ কোন লোক কৃত্যকারীকে তাহার লোককৃত্য সম্পাদনে স্বেচ্ছাকৃতভাবে বাধা দেয়, সে তিন মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা পাঁচ শত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

১৮৭। **লোক কৃত্যকারীকে সহায়তা করিতে অকৃতি করা, যখন সহায়তা করিতে বিধি দ্বারা বাধ্য**—যেকেহ কোন লোক কৃত্যকারীকে তাহার লোককর্তব্য নির্বাহে সহায়তা করিতে বা সহায়তা সরবরাহ করিতে বিধি দ্বারা বাধ্য হইয়াও, ঐরূপ সহায়তা প্রদান করিতে সাভিপ্রায়ে অকৃতি করে, সে এক মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের কারাবাসে বা দুই শত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে ;

এবং যদি ঐরূপ সহায়তা তাহার নিকট হইতে এরূপ কোন লোক কৃত্যকারী যাজ্ঞা করে যেকোন ন্যায় আদালত কর্তৃক বিধিগতভাবে জারিকৃত কোন পরোয়ানা নির্বাহ করিবার অথবা কোন অপরাধ সংঘটন প্রতিরোধ করিবার অথবা কোন দাঙ্গা বা হাঙ্গামা দমন করিবার অথবা কোন অপরাধে দোষারোপিত বা কোন অপরাধের কারণে বা বিধিসম্মত অভিরক্ষা হইতে পলায়নের কারণে দোষী কোন ব্যক্তিকে সংরোধ করিবার প্রয়োজনার্থে ঐরূপ দাবি করিতে বিধিসম্মতভাবে ক্ষমতাপন্ন তাহা হইলে, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের কারাবাসে বা পাঁচ শত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

১৮৮। **লোক কৃত্যকারী কর্তৃক যথাযথভাবে প্রখ্যাপিত আদেশ অমান্য করা**—যেকেহ, কোন লোক কৃত্যকারী যে আদেশ প্রখ্যাপন করিতে বিধিসম্মতভাবে ক্ষমতাপ্রাপ্ত, সেই লোক কৃত্যকারী কর্তৃক প্রখ্যাপিত সেরূপ কোন আদেশ দ্বারা সে কোন বিশেষ কার্য হইতে বিরত থাকিতে অথবা তাহার দখলাধীন বা তাহার পরিচালনাধীন কোন সম্পত্তি সম্পর্কে কোন ব্যবস্থা গ্রহণ করিতে নির্দেশিত হইয়াছে ইহা জানিয়াও, ঐরূপ আদেশ অমান্য করে সে ;

যদি ঐরূপ অমান্যকরণ বিধিসম্মতভাবে নিয়োজিত কোন ব্যক্তির বাধা, বিরক্তি বা হানি ঘটায় অথবা বাধা, বিরক্তি বা হানির ঝুঁকি ঘটাইতে প্রবণ হয়, তাহা হইলে, এক মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা দুই শত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে ;

এবং যদি ঐরূপ অমান্যকরণ মানব জীবন, স্বাস্থ্য বা নিরাপত্তার বিপদ ঘটায় বা ঘটাইতে প্রবণ হয় অথবা কোন দাঙ্গা বা হাঙ্গামা ঘটায় বা ঘটাইতে প্রবণ হয়, তাহা হইলে, ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

ব্যাখ্যা—ইহা আবশ্যক নহে যে, অপরাধকারীকে অপহানি উৎপন্ন করিবার অভিপ্রায় করিতে হইবে অথবা তাহার অমান্যের ফলে অপহানি উৎপন্ন হওয়া সম্ভাব্য হইবে বলিয়া মনস্থ করিতে হইবে। ইহাই পর্যাপ্ত হয় যে সে যে আদেশ অমান্য করে তাহা সে জানে এবং ইহাও জানে যে তাহার অমান্যের ফলে অপহানি উৎপন্ন হয় বা হওয়া সম্ভাব্য।

দৃষ্টান্ত

কোন আদেশ, ঐরূপ আদেশ প্রখ্যাপন করিতে বিধিসম্মতভাবে ক্ষমতাপ্রাপ্ত কোন লোক কৃত্যকারী কর্তৃক, এরূপ নির্দেশিত করিয়া প্রখ্যাপিত হয় যেকোন এক ধর্মীয় শোভাযাত্রা কোন বিশেষ একটি রাস্তা দিয়া পার হইবে না। ক জ্ঞাতসারে ঐ আদেশ অমান্য করে, এবং তদ্দ্বারা দাঙ্গা লাগিবার বিপদ ঘটায়। ক এই ধারায় পরিভাষিত অপরাধ সংঘটিত করিয়াছে।

১৮৯। **লোক কৃত্যকারীকে হানির ভীতি প্রদর্শন**—যেকেহ কোন লোক কৃত্যকারীকে বা যাহার সহিত ঐ লোক কৃত্যকারী স্বার্থান্বিত বলিয়া সে বিশ্বাস করে এরূপ কোনও ব্যক্তিকে, ঐরূপ লোক কৃত্যকারীর লোককৃত্যসমূহ প্রয়োগের সহিত সম্পর্কিত কোন কার্য করিতে অথবা কোন কার্য করিতে বিরত থাকিতে বা বিলম্ব করিতে ঐ লোক কৃত্যকারীকে প্ররোচিত করিবার কারণে কোন প্রকার হানি ঘটাইবার ভীতি প্রদর্শন করে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

১৯০। **লোক কৃত্যকারীর নিকট সুরক্ষার জন্য আবেদন করিতে নিবৃত্ত হইবার জন্য ব্যক্তিকে প্ররোচিত করিতে হানির ভীতিপ্রদর্শন**—যেকেহ কোন ব্যক্তিকে এই উদ্দেশ্যে কোন হানির ভীতি প্রদর্শন করে যাহাতে সেই ব্যক্তিকে কোনও হানির বিরুদ্ধে সুরক্ষার জন্য, এরূপ যে লোক কৃত্যকারী ঐরূপ সুরক্ষা লোক কৃত্যকারীরূপে প্রদান করিতে অথবা ঐরূপ সুরক্ষা প্রদান করাইতে বিধিগতভাবে ক্ষমতাপ্রাপ্ত, তাহার নিকট বৈধ আবেদন করিতে নিরস্ত বা নিবৃত্ত করা যায়, সে এক বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

## অধ্যায় ১১

## মিথ্যা সাক্ষ্য এবং লোকন্যায়ের বিরুদ্ধে অপরাধ বিষয়ে

১৯১। **মিথ্যা সাক্ষ্য দেওয়া**—যেকেহ, কোন শপথ দ্বারা বা বিধির কোন ব্যক্ত বিধান দ্বারা সত্য বিবৃত করিতে বিধিগতভাবে আবদ্ধ থাকিয়া, অথবা কোন বিষয়ের উপর কোন ঘোষণা করিতে বিধি দ্বারা আবদ্ধ থাকিয়া, এরূপ কোন বিবৃতি দেয় যাহা মিথ্যা এবং যাহা সে হয় মিথ্যা বলিয়া জানে বা বিশ্বাস করে অথবা সত্য বলিয়া বিশ্বাস করে না, সে মিথ্যা সাক্ষ্য দেয় বলা হয়।

ব্যাখ্যা ১—কোন বিবৃতি, উহা মৌখিকভাবে বা অন্যথা, যেভাবেই প্রদত্ত হউক, এই ধারার অর্থের অন্তর্গত হয়।

ব্যাখ্যা ২—প্রত্যায়নকারী ব্যক্তির বিশ্বাস সম্পর্কিত কোন মিথ্যা বিবৃতি এই ধারার অর্থের অন্তর্গত হয় এবং কোন ব্যক্তি, যাহা সে বিশ্বাস করে না, তাহা সে বিশ্বাস করে এরূপ বিবৃত করিয়া এবং সেরূপই, যাহা সে জানে না তাহা সে জানে এরূপ বিবৃত করিয়া মিথ্যা সাক্ষ্য দিবার দায়ে দোষী হইতে পারে।

দৃষ্টান্ত

(ক) ক, এক হাজার টাকার জন্য যে ন্যায্য দাবি য-এর বিরুদ্ধে খ-এর আছে, তাহার সমর্থনে কোন বিচারে শপথ-পূর্বক মিথ্যা বলে যে সে য-কে খ-এর দাবির ন্যায্যতা স্বীকার করিতে শুনিয়াছিল। ক মিথ্যা সাক্ষ্য দিয়াছে।

(খ) ক সত্য বিবৃত করিতে কোন শপথ দ্বারা আবদ্ধ থাকিয়া বিবৃত করে যে সে কোন বিশেষ হস্তাক্ষর য-এর হস্তলিপি বলিয়া বিশ্বাস করে, যখন সে উহা য-এর হস্তাক্ষর বলিয়া বিশ্বাসই করে না। এস্থলে ক তাহাই বিবৃত করে যাহা সে মিথ্যা বলিয়া জানে এবং সেইহেতু যে সাক্ষ্য সে দিয়াছে, তাহা মিথ্যা সাক্ষ্য।

(গ) ক য-এর হস্তাক্ষরের সাধারণ চরিত্র জানিয়া বিবৃত করে যে, সে কোন বিশেষ স্বাক্ষর য-এর হস্তাক্ষর বলিয়া বিশ্বাস করে, ক সরল বিশ্বাসে তাহা সেরূপ বলিয়াই বিশ্বাস করে। এস্থলে ক-এর বিবৃতি কেবল তাহার বিশ্বাস সম্পর্কিত, এবং তাহার বিশ্বাসের সম্পর্কে সত্য এবং সেইহেতু, যদিও ঐ স্বাক্ষর য-এর হস্তাক্ষর না হইতে পারে, তথাপি, ক মিথ্যা সাক্ষ্য দেয় নাই।

(ঘ) ক সত্য বিবৃত করিতে কোন শপথ দ্বারা আবদ্ধ থাকিয়া বিবৃত করে যে য একটি বিশিষ্ট দিনে একটি বিশিষ্ট স্থানে ছিল বলিয়া সে জানে, অথচ সে ঐ বিষয়ে কিছুই জানিত না। ক মিথ্যা সাক্ষ্য দেয়, নামিত দিনে সেই স্থানে য থাকুক বা না থাকুক।

(ঙ) ক, কোন দোভাষী বা অনুবাদক, যে বিবৃতি বা দস্তাবেজ যথার্থভাবে ভাষান্তরিত বা অনুদিত করিয়া যে শপথ দ্বারা আবদ্ধ সেই বিবৃতি বা দস্তাবেজের এরূপ কোন ভাষান্তর বা অনুবাদ যথার্থ একটি ভাষান্তর বা অনুবাদ বলিয়া দেয় বা শংসিত করে যাহা যথার্থ ভাষান্তর বা অনুবাদ নহে এবং যাহা যথার্থ ভাষান্তর বা অনুবাদ বলিয়া সে বিশ্বাস করে না। ক মিথ্যা সাক্ষ্য দিয়াছে।

১৯২। **মিথ্যা সাক্ষ্য বানানো**—যেকেহ এরূপ অভিপ্রায়ে কোন পরিস্থিতির অস্তিত্ব ঘটায় বা কোন বহিতে বা অভিলেখে কোন মিথ্যা প্রবিষ্টি করে বা কোন মিথ্যা বিবৃতি সম্বলিত কোন দস্তাবেজ প্রস্তুত করে যাহাতে ঐরূপ পরিস্থিতি, মিথ্যা প্রবিষ্টি বা মিথ্যা বিবৃতি কোন বিচারিক কার্যবাহে, অথবা কোন লোক কৃত্যকারীরূপে সেই লোক কৃত্যকারীর সমক্ষে বা কোন সালিশের সমক্ষে, বিধি দ্বারা গৃহীত কোন কার্যবাহে, সাক্ষ্যে দর্শিত হইতে পারে এবং যাহাতে সাক্ষ্যে ঐরূপে দর্শিত পরিস্থিতি, মিথ্যা প্রবিষ্টি বা মিথ্যা বিবৃতি, যে ব্যক্তিকে ঐরূপ কার্যবাহে সাক্ষ্যের উপর ভিত্তি করিয়া কোন অভিমত গঠন করিতে হয়, তাহাকে ঐরূপ কার্যবাহের ফলাফলের পক্ষে গুরুত্বপূর্ণ কোন বিষয়বস্তু সম্পর্কে কোন ভ্রান্ত অভিমত গ্রহণ করাইতে পারে, সে "মিথ্যা সাক্ষ্য বানায়" বলা হয়।

**দৃষ্টান্ত**

(ক) ক য-এর কোন বাক্সে রত্ন এরূপ অভিপ্রায়ে রাখে যাহাতে ঐগুলি সেই বাক্সে পাওয়া যাইতে পারে এবং যাহাতে এই পরিস্থিতি য-কে চুরির দায়ে দোষসিদ্ধ করাইতে পারে। ক মিথ্যা সাক্ষ্য বানাইয়াছে।

(খ) ক তাহার দোকান-বহিতে, কোন মিথ্যা প্রবিষ্টি করে এই উদ্দেশ্যে যেকোন ন্যায় আদালতে উহা সম্পোষক সাক্ষ্য হিসাবে ব্যবহার করা যায়। ক মিথ্যা সাক্ষ্য বানাইয়াছে।

(গ) ক কোন আপরাধিক ষড়যন্ত্রে য-কে দোষসিদ্ধ করাইবার অভিপ্রায়ে, য-এর হস্তলিপির অনুকরণে ঐরূপ আপরাধিক ষড়যন্ত্রের কোন দুষ্কৃতি-সঙ্গীকে সম্বোধিত বলিয়া তাৎপর্যিত হয়, এরূপ কোন পত্র লেখে এবং ঐ পত্র এরূপ কোন স্থানে রাখিয়া দেয় যেখানে পুলিশ আধিকারিকগণ সম্ভাব্যতঃ তল্লাশ করিবেন বলিয়া সে জানে। ক মিথ্যা সাক্ষ্য বানাইয়াছে।

১৯৩। **মিথ্যা সাক্ষ্যের জন্য দণ্ড**—যেকেহ কোন বিচারিক কার্যবাহের যেকোন পর্যায়ে সাভিপ্রায়ে মিথ্যা সাক্ষ্য দেয় বা কোন বিচারিক কার্যবাহের যেকোন পর্যায়ে ব্যবহৃত হইবার উদ্দেশ্যে মিথ্যা সাক্ষ্য বানায়, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে,

এবং যেকেহ অন্য কোন মামলায় সাভিপ্রায়ে মিথ্যা সাক্ষ্য দেয় বা বানায়, সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**ব্যাখ্যা ১**—সামরিক আদালতের সমক্ষে যে বিচার তাহা বিচারিক কার্যবাহ।

**ব্যাখ্যা ২**—কোন ন্যায় আদালতের সমক্ষে কোন কার্যবাহের প্রস্তুতিমূলক পর্যায়ে বিধি দ্বারা নির্দেশিত কোন তদন্ত কোন বিচারিক কার্যবাহের একটি পর্যায় হয়, যদিও ঐ তদন্ত কোন ন্যায় আদালতের সমক্ষে নাও করা হইতে পারে।

দৃষ্টান্ত

ক, কোন ম্যাজিস্ট্রেটের সমক্ষে য-কে বিচারার্থ সোপর্দ করা উচিত হইবে কি না, তাহা নির্ধারণ করিবার উদ্দেশ্যে কোন অনুসন্ধানে, শপথপূর্বক এরূপ একটি বিবৃতি দেয় যাহা সে মিথ্যা বলিয়া জানে। যেহেতু এই অনুসন্ধান কোন বিচারিক কার্যবাহের একটি পর্যায়, ক মিথ্যা সাক্ষ্য দিয়াছে।

**ব্যাখ্যা ৩**—কোন ন্যায় আদালত দ্বারা বিধি অনুসারে নির্দেশিত এবং কোন ন্যায় আদালতের প্রাধিকারাধীনে পরিচালিত কোন তদন্ত, বিচারিক কার্যবাহের একটি পর্যায় হয়, যদিও ঐ তদন্ত কোন ন্যায় আদালতের সমক্ষে নাও করা হইতে পারে।

দৃষ্টান্ত

ক, সরেজমিনে যাইয়া ভূমির সীমানা বিনিশ্চিত করিতে কোন ন্যায় আদালত কর্তৃক প্রতিনিযুক্ত কোন আধিকারিকের সমক্ষে কোন অনুসন্ধানে শপথপূর্বক এরূপ একটি বিবৃতি দেয় যাহা সে মিথ্যা বলিয়া জানে। যেহেতু এই অনুসন্ধান কোন বিচারিক কার্যবাহের একটি পর্যায়, ক মিথ্যা সাক্ষ্য দিয়াছে।

১৯৪। **প্রাণদণ্ডার্হ অপরাধে দোষসিদ্ধ করাইবার অভিপ্রায়ে মিথ্যা সাক্ষ্য দেওয়া বা বানানো**—যেকেহ কোন মিথ্যা সাক্ষ্য, এরূপ অভিপ্রায়ে দেয় বা বানায় বা ইহা সম্ভাব্য জানিয়া দেয় বা বানায় যে তদ্দ্বারা সে কোন ব্যক্তিকে এরূপ কোন অপরাধে দোষসিদ্ধ করাইবে যাহা ভারতে তৎসময়ে বলবৎ বিধিসমূহ দ্বারা প্রাণদণ্ডার্হ হয়, সে যাবজ্জীবন কারাবাসে বা দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের সশ্রম কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে;

**যদি নির্দোষ ব্যক্তি তদ্দ্বারা দোষসিদ্ধ হয় ও তাহার ফাঁসি হয়**—এবং যদি কোন নির্দোষ ব্যক্তি ঐরূপ মিথ্যা সাক্ষ্যের পরিণামে দোষসিদ্ধ হয় ও তাহার ফাঁসি হয়, তাহা হইলে, যে ব্যক্তি ঐরূপ মিথ্যা সাক্ষ্য দিয়াছে, সে হয় মৃত্যুদণ্ডে বা অত্র ইতঃপূর্বে বর্ণিত দণ্ডে দণ্ডিত হইবে।

১৯৫। **যাবজ্জীবন কারাবাসে বা কারাবাসে, দণ্ডনীয় অপরাধে দোষসিদ্ধ করাইবার অভিপ্রায়ে মিথ্যা সাক্ষ্য দেওয়া বা বানানো**—যেকেহ কোন মিথ্যা সাক্ষ্য এরূপ অভিপ্রায়ে দেয় বা বানায় বা ইহা সম্ভাব্য জানিয়া দেয় বা বানায় যে তদ্দ্বারা সে এরূপ কোন অপরাধে দোষসিদ্ধ করাইবে যাহা ভারতে তৎসময়ে বলবৎ বিধি দ্বারা প্রাণদণ্ডার্হ নহে, কিন্তু যাবজ্জীবন কারাবাসে অথবা সাত বৎসর বা তদূর্ধ্ব মেয়াদের কারাবাসে দণ্ডনীয়, সে ঐ অপরাধে দোষসিদ্ধ ব্যক্তি যেরূপে দণ্ডিত হইবার দায়িতাধীন হইতে পারিত সেরূপে দণ্ডিত হইবে।

দৃষ্টান্ত

ক কোন ন্যায় আদালতের সমক্ষে মিথ্যা সাক্ষ্য এরূপ অভিপ্রায়ে দেয় যে তদ্দ্বারা সে য-কে ডাকাতির দায়ে দোষসিদ্ধ করাইবে। ডাকাতির শাস্তি হইল, জরিমানা সহ বা ব্যতীত, যাবজ্জীবন কারাবাস বা দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের সশ্রম কারাবাস। অতএব ক, জরিমানা সহ বা ব্যতীত, যাবজ্জীবন কারাবাসের বা কারাবাসের দায়িতাধীন হইবে।

১৯৬। **মিথ্যা বলিয়া জ্ঞাত সাক্ষ্য ব্যবহার করা**—যেকেহ, যে সাক্ষ্য সে মিথ্যা বা বানানো বলিয়া জানে, সেরূপ কোনও সাক্ষ্য দুর্নীতিপূর্বক সত্য বা আসল সাক্ষ্যরূপে ব্যবহার করে বা ব্যবহার করিতে প্রচেষ্টা করে, সে সেই ভাবেই দণ্ডিত হইবে যেন সে মিথ্যা সাক্ষ্য দিয়াছিল বা বানাইয়াছিল।

১৯৭। **মিথ্যা শংসাপত্র প্রদান করা বা স্বাক্ষর করা**—যেকেহ, এরূপ কোন শংসাপত্র যাহা প্রদত্ত বা স্বাক্ষরিত হওয়া বিধি দ্বারা অনুজ্ঞাত, অথবা যাহা সেরূপ কোন তথ্য সম্পর্কিত যে তথ্যের ঐরূপ শংসাপত্র বিধি দ্বারা সাক্ষ্যে গ্রাহ্য, তাহা প্রদান করে বা স্বাক্ষর করে ইহা জানিয়া বা বিশ্বাস করিয়া যে ঐরূপ শংসাপত্র কোনও গুরুত্বপূর্ণ বিষয়বিন্দু সম্পর্কে মিথ্যা, সে সেই ভাবেই দণ্ডিত হইবে যেন সে মিথ্যা সাক্ষ্য দিয়াছিল।

১৯৮। **মিথ্যা বলিয়া জ্ঞাত শংসাপত্র সত্যরূপে ব্যবহার করা**—যেকেহ কোন শংসাপত্র, উহা কোন গুরুত্বপূর্ণ বিষয়বিন্দু সম্পর্কে মিথ্যা বলিয়া জানিয়া, দুর্নীতিপূর্বক সত্য শংসাপত্ররূপে ব্যবহার করে, সে সেই ভাবেই দণ্ডিত হইবে যেন সে মিথ্যা সাক্ষ্য দিয়াছিল।

১৯৯। **বিধি দ্বারা সাক্ষ্যরূপে গ্রহণযোগ্য ঘোষণায় প্রদত্ত মিথ্যা বিবৃতি**—যেকেহ তৎকর্তৃক কৃত বা হস্তাক্ষরিত কোনও ঘোষণায়, যে ঘোষণা যেকোন ন্যায় আদালত, বা লোক কৃত্যকারী বা অন্য ব্যক্তি কোনও তথ্যের সাক্ষ্য রূপে গ্রহণ করিতে বিধি দ্বারা আবদ্ধ বা প্রাধিকৃত হন সেই ঘোষণায়, যে উদ্দেশ্যে ঐ ঘোষণা কৃত হয় বা কাজে ব্যবহৃত হয় সেই উদ্দেশ্যের পক্ষে গুরুত্বপূর্ণ কোন বিষয়বিন্দু সম্পর্কে এরূপ কোন বিবৃতি দেয় যাহা মিথ্যা এবং যাহা সে হয় মিথ্যা বলিয়া জানে বা বিশ্বাস করে অথবা সত্য বলিয়া বিশ্বাস করে না, সে সেই ভাবেই দণ্ডিত হইবে যেন সে মিথ্যা সাক্ষ্য দিয়াছিল।

২০০। **ঐরূপ ঘোষণা মিথ্যা বলিয়া জানিয়া সত্যরূপে ব্যবহার করা**—যেকেহ, ঐরূপ কোন ঘোষণা, উহা কোন গুরুত্বপূর্ণ বিষয়বিন্দু সম্পর্কে মিথ্যা বলিয়া জানিয়া, দুর্নীতিপূর্বক সত্যরূপে ব্যবহার করে, সে সেই ভাবেই দণ্ডিত হইবে যেন সে মিথ্যা সাক্ষ্য দিয়াছিল।

**ব্যাখ্যা**—যে ঘোষণা কেবল কোন অনুপচারিতা হেতু অগ্রাহ্য হয় তাহা ১৯৯ ও ২০০ ধারার অর্থে ঘোষণা।

২০১। **অপরাধের সাক্ষ্যের বিলোপ ঘটানো, অথবা অপরাধকারীকে আড়াল করিবার জন্য মিথ্যা এত্তেলা প্রদান**—যেকেহ কোন অপরাধ সংঘটিত করা হইয়াছে বলিয়া জানিয়া বা বিশ্বাস করিবার কারণ পাইয়া অপরাধকারীকে বৈধিক দণ্ড হইতে আড়াল করিবার অভিপ্রায়ে ঐ অপরাধ সংঘটনের সাক্ষ্যের বিলোপ ঘটায় অথবা সেই অভিপ্রায়ে ঐ অপরাধ সম্পর্কে এরূপ এত্তেলা প্রদান করে যাহা সে মিথ্যা বলিয়া জানে বা বিশ্বাস করে, সে

**যদি প্রাণদণ্ডার্হ অপরাধ হয়**—যদি, যে অপরাধ সংঘটিত করা হইয়াছে বলিয়া সে জানে বা বিশ্বাস করে, সেই অপরাধ মৃত্যুদণ্ডে দণ্ডনীয় হয়, তাহা হইলে, সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে,

**যদি যাবজ্জীবন কারাবাসে দণ্ডনীয় হয়**—এবং যদি ঐ অপরাধ যাবজ্জীবন কারাবাসে, অথবা দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের কারাবাসে দণ্ডনীয় হয়, তাহা হইলে, তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে,

**যদি দশ বৎসরের কম কারাবাসে দণ্ডনীয় হয়**—এবং যদি ঐ অপরাধ দশ বৎসর পর্যন্ত প্রসারিত হয় না এরূপ কোন মেয়াদের কারাবাসে দণ্ডনীয় হয়, তাহা হইলে, ঐ অপরাধের জন্য কারাবাসের সর্বাধিক যে মেয়াদ ব্যবস্থিত আছে তাহার এক-চতুর্থাংশ পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের, ঐ অপরাধের জন্য ব্যবস্থিত প্রকারের, কারাবাসে, বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**দৃষ্টান্ত**

ক, ইহা জানিয়া যে খ য-কে হত্যা করিয়াছে, খ-কে দণ্ড হইতে আড়াল করিবার অভিপ্রায়ে, খ-কে মৃতদেহ লুকাইয়া রাখিতে সহায়তা করে। ক সাত বৎসরের জন্য দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসের, এবং জরিমানারও, দায়িতাধীন হইবে।

**২০২। এত্তেলা দেওয়ার জন্য আবদ্ধ ব্যক্তি কর্তৃক অপরাধের এত্তেলা দিতে সাভিপ্রায় অকৃতি**—যেকেহ, কোন অপরাধ যে সংঘটিত হইয়াছে ইহা জানিয়া বা এরূপ বিশ্বাস করিবার কারণ থাকা সত্ত্বেও, ঐ অপরাধ সম্পর্কিত কোন এত্তেলা যাহা দিতে সে বিধিগতভাবে বাধ্য তাহা দিতে সাভিপ্রায়ে অকৃতি করে, সে দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে, যাহার মেয়াদ ছয় মাস পর্যন্ত হইতে পারিবে, বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**২০৩। সংঘটিত অপরাধ সম্পর্কে মিথ্যা এত্তেলা দেওয়া**—যেকেহ কোন অপরাধ যে সংঘটিত হইয়াছে ইহা জানিয়া, বা এরূপ বিশ্বাস করিবার কারণ থাকা সত্ত্বেও, ঐ অপরাধ সম্পর্কে এরূপ এত্তেলা দেয় যাহা সে মিথ্যা বলিয়া জানে বা বিশ্বাস করে, সে দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে, যাহার মেয়াদ দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে, বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

ব্যাখ্যা—২০১ ও ২০২ ধারায় এবং এই ধারায় "অপরাধ" শব্দ ভারতের বাহিরে কোনও স্থানে সংঘটিত এরূপ কোনও কার্যকে অন্তর্ভুক্ত করে, যাহা ভারতের মধ্যে সংঘটিত হইলে নিম্নলিখিত ধারাসমূহ যথা, ৩০২, ৩০৪, ৩৮২, ৩৯২, ৩৯৩, ৩৯৪, ৩৯৫, ৩৯৬, ৩৯৭, ৩৯৮, ৩৯৯, ৪০২, ৪৩৫, ৪৩৬, ৪৪৯, ৪৫০, ৪৫৭, ৪৫৮, ৪৫৯, ও ৪৬০, ধারার মধ্যে যেকোন ধারা অনুযায়ী দণ্ডনীয় হইত।

**২০৪। সাক্ষ্যরূপে কোন দস্তাবেজের উপস্থাপন প্রতিরোধ করিবার জন্য উহা বিনষ্ট করা**—যেকেহ, এরূপ কোন দস্তাবেজ লুক্কায়িত করে বা বিনষ্ট করে যাহা কোন আদালতে অথবা কোন লোক কৃত্যকারীর সমক্ষে তদ্রূপে বিধিসম্মতভাবে অনুষ্ঠিত কোন কার্যবাহে সাক্ষ্যরূপে উপস্থাপিত করিতে তাহাকে বাধ্য করা যাইতে পারে অথবা ঐরূপ যথা-পূর্বোক্ত আদালত বা লোক কৃত্যকারীর সমক্ষে উহা সাক্ষ্যরূপে উপস্থাপিত বা ব্যবহৃত করা হইতে নিবৃত্ত করিবার অভিপ্রায়ে, বা উক্ত উদ্দেশ্যে ঐ দস্তাবেজ উপস্থাপিত করিতে তাহার উপর বিধিসম্মতভাবে সমন জারিকৃত করা হইবার বা তাহাকে অনুজ্ঞাত করা হইবার পর ঐরূপ সম্পূর্ণ দস্তাবেজ বা উহার কোন অংশকে মুছিয়া ফেলে বা পড়ার অযোগ্য করিয়া ফেলে, তাহা হইলে, সে দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে, যাহার মেয়াদ দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে, বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**২০৫। মোকদ্দমায় বা অভিযুক্তিতে কার্য বা কার্যবাহের প্রয়োজনার্থে মিথ্যা ব্যক্তিরূপণ**—যেকেহ মিথ্যা ভাবে অন্য কাহারও ব্যক্তিরূপণ করে এবং উক্ত পরিগৃহীত পরিচয়ে কোন মোকদ্দমায় বা ফৌজদারী অভিযুক্তিতে কোন স্বীকৃতি বা বিবৃতি প্রদান করে, অথবা সংনির্ণয়ের স্বীকারোক্তি করে, অথবা কোন পরোয়ানা জারি করায়, অথবা জামিনদার বা প্রতিভূতিদাতা হয়, অথবা অন্য কোন কার্য করে, সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**২০৬। বাজেয়াপ্তরূপে বা জারিকরণে সম্পত্তির অভিগ্রহণ প্রতিরোধ করিতে ঐ সম্পত্তি প্রতারণামূলক অপসারণ বা গোপনকরণ**—যেকেহ কোন সম্পত্তি বা তদভূত কোন স্বার্থ এই অভিপ্রায়ে প্রতারণাপূর্বক অপসারণ করে, গোপন করে অথবা কোন ব্যক্তিকে হস্তান্তর করে বা অর্পণ করে যে তদ্দ্বারা ঐ সম্পত্তি বা তদভূত কোন স্বার্থ, যে দণ্ডাদেশ কোন ন্যায় আদালত বা অন্য ক্ষমতাপন্ন প্রাধিকারী কর্তৃক প্রঘোষিত হইয়াছে, অথবা প্রঘোষিত হওয়া সম্ভাব্য বলিয়া সে জানে, তদনুযায়ী বাজেয়াপ্তিরূপে বা কোন জরিমানা মিটাইবার জন্য গৃহীত হওয়া অথবা, যে ডিক্রি বা আদেশ কোন ন্যায় আদালত কর্তৃক কোন দেওয়ানী মোকদ্দমায় প্রদত্ত হইয়াছে বা প্রদত্ত হওয়া সম্ভাব্য বলিয়া সে জানে, তাহার জারিকরণে গৃহীত হওয়া প্রতিরোধ করা যাইবে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২০৭। **বাজেয়াপ্তরূপে বা জারিকরণে সম্পত্তির অভিগ্রহণ প্রতিরোধ করিতে উহা প্রতারণামূলক দাবি করা**—যেকেহ কোন সম্পত্তি বা তদভূত কোন স্বার্থ, ঐরূপ সম্পত্তিতে বা স্বার্থে তাহার কোনও অধিকার বা অধিকারসম্মত দাবি নাই জানিয়া, এই অভিপ্রায়ে প্রতারণাপূর্বক প্রতিগ্রহণ, গ্রহণ বা দাবি করে অথবা কোন সম্পত্তিতে বা তদভূত কোন স্বার্থে কোনও অধিকার সম্বন্ধে কোন প্রবঞ্চনা এই অভিপ্রায়ে করে যে তদ্দ্বারা ঐ সম্পত্তিতে বা তদভূত কোন স্বার্থ যে দণ্ডাদেশ কোন ন্যায় আদালত বা অন্য ক্ষমতাপন্ন প্রাধিকারী কর্তৃক প্রঘোষিত হইয়াছে অথবা প্রঘোষিত হওয়া সম্ভাব্য বলিয়া সে জানে, তদনুযায়ী বাজেয়াপ্তিরূপে বা কোন জরিমানা মিটাইবার জন্য গৃহীত হওয়া অথবা, যে ডিক্রি বা আদেশ কোন ন্যায় আদালত কর্তৃক কোন দেওয়ানী মোকদ্দমায় প্রদত্ত হইয়াছে বা প্রদত্ত হওয়া সম্ভাব্য বলিয়া সে জানে, তাহার জারিকরণে গৃহীত হওয়া প্রতিরোধ করা যাইবে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২০৮। **দেয় নহে এরূপ অর্থাঙ্কের জন্য ডিক্রি প্রতারণাপূর্বক অবসহন করা**—যেকেহ, কোনও ব্যক্তির যে অর্থাঙ্ক প্রাপ্য নয় তাহার জন্য অথবা যাহা প্রাপ্য তাহার অধিক অর্থাঙ্কের জন্য অথবা ঐরূপ ব্যক্তি যে সম্পত্তি বা সম্পত্তিতে স্বার্থে অধিকারী নহে সেই সম্পত্তি বা সম্পত্তিতে স্বার্থের জন্য প্রতারণাপূর্বক নিজের বিরুদ্ধে কোন ডিক্রি বা আদেশ প্রদান করায় বা প্রদত্ত হওয়া অবসহন করে, অথবা কোন ডিক্রি বা আদেশ, উহার পরিতুষ্টির পর বা যাহা সম্পর্কে ঐ ডিক্রি বা আদেশের পরিতুষ্টি হইয়াছে সেরূপ কোনকিছুর জন্য, প্রতারণাপূর্বক নিজের বিরুদ্ধে জারি করায় বা তাহার জারিকরণ অবসহন করে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

দৃষ্টান্ত

ক, য-এর বিরুদ্ধে একটি মোকদ্দমা দায়ের করে। য, তাহার বিরুদ্ধে ক-এর ডিক্রি পাওয়া সম্ভাব্য জানিয়া প্রতারণাপূর্বক বৃহত্তর একটি অর্থ পরিমাণের জন্য, যে খ-এর তাহার বিরুদ্ধে ন্যায্য কোন দাবিই নাই, সেই খ-এর মোকদ্দমায় নিজের বিরুদ্ধে রায় প্রদান এই জন্য অবসহন করে যাহাতে খ, নিজের জন্য বা য-এর হিতার্থে, ক-এর ডিক্রি অনুযায়ী য-এর সম্পত্তি বিক্রয় হইলে তাহার আগমের অংশ পাইতে পারে। য এই ধারার অধীন অপরাধ সংঘটিত করিয়াছে।

২০৯। **আদালতে অসাধুভাবে মিথ্যা দাবি করা**—যেকেহ প্রতারণাপূর্বক বা অসাধুভাবে, অথবা কোন ব্যক্তিকে হানিগ্রস্ত বা উত্যক্ত করিবার অভিপ্রায়ে, কোন ন্যায় আদালতে এরূপ কোনও দাবি করে যাহা সে মিথ্যা বলিয়া জানে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

২১০। **প্রাপ্য নহে এরূপ অর্থাঙ্কের জন্য প্রতারণাপূর্বক ডিক্রি লাভ করা**—যেকেহ, যে অর্থাঙ্ক প্রাপ্য নহে তজ্জন্য বা যে অর্থাঙ্ক প্রাপ্য তদপেক্ষা অধিক অর্থাঙ্কের জন্য, অথবা যে সম্পত্তি বা সম্পত্তিভূত স্বার্থের সে অধিকারী নহে তজ্জন্য, কোন ব্যক্তির বিরুদ্ধে প্রতারণাপূর্বক কোন ডিক্রি বা আদেশ লাভ করে অথবা কোন ডিক্রি বা আদেশ, উহার পরিতুষ্টি হইয়া যাইবার পর বা যে সম্পর্কে ঐ ডিক্রি বা আদেশের পরিতুষ্টি হইয়াছে সেরূপ কোন কিছুর জন্য, কোন ব্যক্তির বিরুদ্ধে প্রতারণাপূর্বক জারি করায়, অথবা প্রতারণাপূর্বক তাহার নামে ঐরূপ কোনও কার্য হইতে দেওয়া অবসহন করে বা অনুমত করে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২১১। **হানিগ্রস্ত করিবার অভিপ্রায়ে অপরাধের মিথ্যা আরোপ**—যেকেহ কোন ব্যক্তির হানি ঘটানোর অভিপ্রায়ে ঐ ব্যক্তির বিরুদ্ধে কোন ফৌজদারী কার্যবাহ দায়ের করে বা দায়ের করায়, অথবা কোন ব্যক্তিকে কোন অপরাধ সংঘটিত করিয়াছে বলিয়া মিথ্যাভাবে আরোপযুক্ত করে ইহা জানিয়া যে ঐ ব্যক্তির বিরুদ্ধে ঐরূপ কার্যবাহের বা আরোপের কোন ন্যায্য বা বিধিসম্মত হেতু নাই, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে;

এবং যদি ঐরূপ ফৌজদারী কার্যবাহ মৃত্যুদণ্ড, যাবজ্জীবন কারাবাস, অথবা সাত বৎসর বা তদুর্ধ্ব মেয়াদের কারাবসে দণ্ডনীয় কোন অপরাধের মিথ্যা আরোপের ভিত্তিতে দায়ের করা হয়, তাহা হইলে, সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

২১২। **অপরাধকারীকে আশ্রয় দেওয়া**—যখনই কোন অপরাধ সংঘটিত হইয়া গিয়াছে, তখন যেকেহ, যে ব্যক্তিকে অপরাধকারী বলিয়া সে জানে বা তাহার বিশ্বাস করিবার কারণ থাকে, সেই ব্যক্তিকে বৈধ দণ্ড হইতে আড়াল করিবার অভিপ্রায়ে আশ্রয় দেয় বা লুকাইয়া রাখে, সে,

**যদি প্রাণদণ্ডার্হ অপরাধ হয়**—যদি ঐ অপরাধ মৃত্যুদণ্ডে দণ্ডনীয় হয়, তাহা হইলে, পাঁচ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে;

**যদি যাবজ্জীবন কারাবাসে, অথবা কারাবাসে, দণ্ডনীয় হয়**—এবং যদি ঐ অপরাধ যাবজ্জীবন কারাবাসে, অথবা দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ কারাবাসে, দণ্ডনীয় হয়, তাহা হইলে, তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে;

এবং যদি ঐ অপরাধ এক বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে, কিন্তু দশ বৎসর পর্যন্ত নহে, এরূপ কারাবাসে দণ্ডনীয় হয়, তাহা হইলে, ঐ অপরাধের জন্য কারাবাসের দীর্ঘতম যে মেয়াদ ব্যবস্থিত আছে তাহার এক-চতুর্থাংশ পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের, ঐ অপরাধের জন্য ব্যবস্থিত প্রকারের, কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

এই ধারায় "অপরাধ" ভারতের বাহিরে কোনও স্থানে সংঘটিত এরূপ কোনও কার্যকে অন্তর্ভুক্ত করে যাহা ভারতে সংঘটিত হইলে নিম্নলিখিত ধারাসমূহ, যথা, ৩০২, ৩০৪, ৩৮২, ৩৯২, ৩৯৩, ৩৯৪, ৩৯৫, ৩৯৬, ৩৯৭, ৩৯৮, ৩৯৯, ৪০২, ৪৩৫, ৪৩৬, ৪৪৯, ৪৫০, ৪৫৭, ৪৫৮, ৪৫৯ ও ৪৬০ ধারার মধ্যে যেকোন ধারা অনুযায়ী দণ্ডনীয় হইত ; এবং ঐরূপ প্রত্যেক কার্য, এই ধারার প্রয়োজনার্থে, এইভাবে দণ্ডনীয় বলিয়া গণ্য হইবে যেন অভিযুক্ত ব্যক্তি ভারতে উহার জন্য দোষী হইয়াছিল।

*ব্যতিক্রম*—এই বিধান এরূপ কোনও ক্ষেত্রে প্রসারিত হইবে না যেক্ষেত্রে আশ্রয় দেওয়া বা লুকাইয়া রাখা অপরাধকারীর স্বামী বা স্ত্রী কর্তৃক হয়।

**দৃষ্টান্ত**

ক, খ ডাকাতি সংঘটিত করিয়াছে বলিয়া জানিয়া, জ্ঞাতসারে খ-কে বৈধ দণ্ড হইতে আড়াল করিবার উদ্দেশ্যে লুকাইয়া রাখে। এস্থলে, খ যেমন যাবজ্জীবন কারাবাসের দায়িতাধীন, তেমনি ক তিন বৎসরের অনধিক এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসের দায়িতাধীন এবং জরিমানারও দায়িতাধীন।

**২১৩। কোন অপরাধকারীকে দণ্ড হইতে আড়াল করিবার জন্য দান ইত্যাদি গ্রহণ করা**—যেকেহ, কোন অপরাধ তাহার গোপন করিবার বা কোন ব্যক্তিকে কোন অপরাধের জন্য বৈধ দণ্ড হইতে তাহার আড়াল করিবার অথবা কোন ব্যক্তির বিরুদ্ধে তাহাকে বৈধ দণ্ডের অধীনে আনয়নার্থ কার্যবাহ তাহার না করিবার প্রতিদানে নিজের বা অন্য কোন ব্যক্তির জন্য কোনও পারিতোষিক অথবা নিজের নিকট বা অন্য কোন ব্যক্তির নিকট কোনও সম্পত্তির পুনঃস্থাপন প্রতিগ্রহণ করে বা প্রাপ্ত হইবার প্রচেষ্টা করে অথবা প্রতিগ্রহণ করিতে সম্মত হয় সে,

**যদি প্রাণদণ্ডার্হ অপরাধ হয়**—যদি ঐ অপরাধ মৃত্যুদণ্ডে দণ্ডনীয় হয়, তাহা হইলে, সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে ;

**যদি যাবজ্জীবন কারাবাসে, অথবা কারাবাসে, দণ্ডনীয় হয়**—এবং যদি ঐ অপরাধ যাবজ্জীবন কারাবাসে, অথবা দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ কারাবাসে, দণ্ডনীয় হয়, তাহা হইলে, তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে ;

এবং যদি ঐ অপরাধ দশ বৎসর পর্যন্ত প্রসারিত হয় না এরূপ কারাবাসে দণ্ডনীয় হয়, তাহা হইলে, ঐ অপরাধের জন্য কারাবাসে দীর্ঘতম যে মেয়াদ ব্যবস্থিত আছে তাহার এক-চতুর্থাংশ পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের, ঐ অপরাধের জন্য ব্যবস্থিত প্রকারের কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**২১৪। অপরাধকারীকে আড়াল করিবার প্রতিদানে দান প্রস্থাপন করা বা সম্পত্তির প্রত্যর্পণ**—যেকেহ কোন ব্যক্তিকে, কোন অপরাধ সেই ব্যক্তির গোপন করিবার বা কোন ব্যক্তিকে কোন অপরাধের জন্য বৈধ দণ্ড হইতে তাহার আড়াল করিবার অথবা কোন ব্যক্তির বিরুদ্ধে তাহাকে বৈধ দণ্ডের অধীনে আনয়নার্থ কার্যবাহ তাহার না করিবার প্রতিদানে কোনও পারিতোষিক প্রদান করে বা করায় অথবা প্রদান করিতে প্রস্থাপন করে অথবা প্রদান করিতে বা করাইতে সম্মত হয় অথবা কোন সম্পত্তি প্রত্যর্পণ করে বা প্রত্যর্পণ করায় সে,

**যদি প্রাণদণ্ডার্হ অপরাধ হয়**—যদি ঐ অপরাধ মৃত্যুদণ্ডে দণ্ডনীয় হয়, তাহা হইলে, সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে ;

**যদি যাবজ্জীবন কারাবাসে, অথবা কারাবাসে, দণ্ডনীয় হয়**—এবং যদি ঐ অপরাধ যাবজ্জীবন কারাবাসে, বা দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডনীয় হয়, তাহা হইলে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে ;

এবং যদি ঐ অপরাধ দশ বৎসর পর্যন্ত প্রসারিত হয় না এরূপ কারাবাসে দণ্ডনীয় হয়, তাহা হইলে, ঐ অপরাধের জন্য কারাবাসের দীর্ঘতম যে মেয়াদ ব্যবস্থিত আছে তাহার এক-চতুর্থাংশ পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের, ঐ অপরাধের জন্য ব্যবস্থিত প্রকারের কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

*ব্যতিক্রম*—২১৩ ও ২১৪ ধারার বিধানসমূহ এরূপ কোনও ক্ষেত্রে প্রসারিত হয় না যেক্ষেত্রে অপরাধ বিধিসম্মতভাবে রক্ষা করা যায়।

**২১৫। অপহৃত সম্পত্তি, ইত্যাদি পুনরুদ্ধার করিতে সাহায্য করিবার জন্য দান গ্রহণ করা**—যেকেহ কোন ব্যক্তিকে কোনও অস্থাবর সম্পত্তি যাহা হইতে ঐ ব্যক্তি এই সংহিতার অধীনে দণ্ডনীয় কোন অপরাধ দ্বারা বঞ্চিত হইয়া গিয়া থাকিবে তাহা পুনরুদ্ধার করিতে সাহায্য করিবার ছলে বা দরুন কোনও পারিতোষিক গ্রহণ করে অথবা গ্রহণ করিতে

সম্মত হয় বা সায় দেয়, সে, ঐ অপরাধকারীকে সংরুদ্ধ ও ঐ অপরাধে দোষসিদ্ধ করাইতে স্বীয় ক্ষমতাধীন সকল উপায় প্রয়োগ না করিলে, দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন এক প্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২১৬। **যে অপরাধকারী অভিরক্ষা হইতে পলায়ন করিয়াছে বা যাহাকে সংরোধ করিবার আদেশ প্রদত্ত হইয়াছে সেই অপরাধকারীকে আশ্রয় দেওয়া**—যখনই কোন অপরাধে দোষসিদ্ধি বা আরোপযুক্ত কোনও ব্যক্তি, ঐ অপরাধের জন্য বিধিসম্মত অভিরক্ষায় থাকা অবস্থায়, ঐরূপ অভিরক্ষা হইতে পলায়ন করে ;

অথবা, যখনই কোন লোক কৃত্যকারী, ঐরূপ লোক কৃত্যকারীর বিধিসম্মত ক্ষমতাসমূহের প্রয়োগে কোন এক ব্যক্তিকে কোন অপরাধের জন্য সংরোধ করিবার আদেশ দেন, তখন যেকেহ, ঐরূপ পলায়নের বা সংরোধনের আদেশের কথা জানিয়া, ঐ ব্যক্তির সংরুদ্ধ হওয়া নিবারণ করিবার অভিপ্রায়ে তাহাকে আশ্রয় দেয় বা লুকাইয়া রাখে, সে নিম্নলিখিত প্রণালীতে দণ্ডিত হইবে, অর্থাৎ ঃ—

**যদি প্রাণদণ্ডার্হ অপরাধ হয়**—যদি, যে অপরাধের জন্য ঐ ব্যক্তি অভিরক্ষায় ছিল বা তাহাকে সংরোধ করিবার জন্য আদেশ প্রদত্ত হয়, সেই অপরাধ মৃত্যুদণ্ডে দণ্ডনীয় অপরাধ হয়, তাহা হইলে, সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে ;

**যদি যাবজ্জীবন কারাবাসে, অথবা কারাবাসে, দণ্ডনীয় হয়**—যদি ঐ অপরাধ যাবজ্জীবন কারাবাসে অথবা দশ বৎসরের কারাবাসে দণ্ডনীয় হয়, তাহা হইলে, সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে, জরিমানাসহ বা ব্যতিরেকে, দণ্ডিত হইবে ;

এবং যদি ঐ অপরাধ এক বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে, কিন্তু দশ বৎসর পর্যন্ত নহে, এরূপ কারাবাসে দণ্ডনীয় হয়, তাহা হইলে, ঐরূপ অপরাধের জন্য কারাবাসের দীর্ঘতম যে মেয়াদ ব্যবস্থিত আছে তাহার এক-চতুর্থাংশ পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের, ঐ অপরাধের জন্য ব্যবস্থিত প্রকারের, কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

এই ধারায় "অপরাধ" এরূপ কোন কার্য বা অকৃতিকেও অন্তর্ভুক্ত করে যাহার জন্য কোনও ব্যক্তি ভারতের বাহিরে দোষী হইয়াছে বলিয়া অভিকথিত হয় ও যাহা, যদি সে উহার জন্য ভারতের ভিতরে দোষী হইত, তাহা হইলে, একটি অপরাধরূপে দণ্ডনীয় হইত এবং যাহার জন্য সে, বহিঃসমর্পণ সম্পর্কিত কোন বিধি অনুযায়ী বা অন্যথা, ভারতের ভিতর সংরুদ্ধ হইবার বা অভিরক্ষায় আটক থাকিবার দায়িতাধীন হয় ; এবং ঐরূপ প্রত্যেক কার্য বা অকৃতি এই ধারার প্রয়োজনার্থে এইভাবে দণ্ডনীয় বলিয়া গণ্য হইবে যেন অভিযুক্ত ব্যক্তি উহার জন্য ভারতের ভিতরে দোষী হইয়াছিল।

*ব্যতিক্রম*—এই বিধান সেই ক্ষেত্রে প্রসারিত হয় না যেক্ষেত্রে আশ্রয় দেওয়া বা লুকাইয়া রাখা, যে ব্যক্তিকে সংরুদ্ধ করিতে হইবে তাহার স্বামী বা স্ত্রী কর্তৃক হয়।

২১৬ক। **দস্যুগণকে ও ডাকাতগণকে আশ্রয় দেওয়ার জন্য দণ্ড**—যেকেহ, কতিপয় ব্যক্তি দস্যুতা বা ডাকাতি সংঘটিত করিতে চলিয়াছে বা সম্প্রতি সংঘটিত করিয়াছে, ইহা জানিয়া বা বিশ্বাস করিবার কারণ থাকিতে, তাহাদিগকে বা তাহাদের কাহাকেও ঐরূপ দস্যুতা বা ডাকাতির সংঘটন সহজতর করিয়া দিবার অথবা তাহাদিগকে বা তাহাদের কাহাকেও দণ্ড হইতে আড়াল করিবার অভিপ্রায়ে আশ্রয় দেয়, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের সশ্রম কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**ব্যাখ্যা**—এই ধারার প্রয়োজনার্থে ইহা গুরুত্বপূর্ণ নহে যে ঐ দস্যুতা বা ডাকাতি ভারতের মধ্যে বা ভারতের বাহিরে সংঘটিত করিবার জন্য অভিপ্রেত হয় অথবা সংঘটিত হইয়াছে।

*ব্যতিক্রম*—এই বিধান সেই ক্ষেত্রে প্রসারিত হয় না যেক্ষেত্রে আশ্রয়দান অপরাধকারীর স্বামী বা স্ত্রী কর্তৃক হয়।

২১৬খ। [২১২, ২১৬ ও ২১৬ক ধারা "আশ্রয় দেওয়া"-র সংজ্ঞার্থ। ভারতীয় দণ্ড সংহিতা (সংশোধন) আইন, ১৯৪২ (১৯৪২-এর ৮), ৩ ধারা দ্বারা নিরসিত।]

২১৭। **কোন ব্যক্তিকে দণ্ড হইতে বা কোন সম্পত্তিকে বাজেয়াপ্তি হইতে রক্ষা করিবার অভিপ্রায়ে, লোক কৃত্যকারী কর্তৃক বিধির নির্দেশ অমান্যকরণ**—যেকেহ, কোন লোক কৃত্যকারী হইয়া, ঐরূপ লোক কৃত্যকারীরূপে তাহার যেরূপ আচরণ করণীয় তৎসম্পর্কিত বিধির কোনও নির্দেশ জ্ঞাতসারে অমান্য করে, এই অভিপ্রায় করিয়া যে তদ্দ্বারা সে কোন ব্যক্তিকে বৈধ দণ্ড হইতে রক্ষা করিতে পারে অথবা ইহা সম্ভাব্য জানিয়া যে তদ্দ্বারা সে ঐ ব্যক্তিকে উহা হইতে রক্ষা করিবে বা তাহাকে যে দণ্ডের সে দায়িতাধীন তদপেক্ষা কম দণ্ড দেওয়াইবে, অথবা এই অভিপ্রায়ে যে, বা ইহা তদ্দ্বারা সম্ভাব্য জানিয়া যে, কোন বাজেয়াপ্তি বা কোন প্রভার হইতে বিধি অনুযায়ী উহার দায়িতাধীন কোন সম্পত্তি রক্ষা করিবে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২১৮। **কোন ব্যক্তিকে দণ্ড হইতে বা কোন সম্পত্তিকে বাজেয়াপ্তি হইতে রক্ষা করিবার অভিপ্রায়ে লোক কৃত্যকারী কর্তৃক অশুদ্ধ অভিলেখ বা লিখন বিরচনা**—যেকেহ, কোন লোক কৃত্যকারী হইয়া এবং ঐরূপ লোক কৃত্যকারী হওয়ায়, কোন অভিলেখ বা অন্য লিখন প্রস্তুতকরণে ভারপ্রাপ্ত হইয়া, ঐ অভিলেখ বা লিখন যে প্রণালী অশুদ্ধ বলিয়া সে জানে সেরূপ কোন প্রণালীতে বিরচনা করে এই অভিপ্রায়ে যে জনসাধারণের বা কোন ব্যক্তির ক্ষতি বা হানি ঘটাইবে অথবা ইহা সম্ভাব্য জানিয়া যে তদ্দ্বারা সে জনসাধারণের বা কোন ব্যক্তির ক্ষতি বা হানি ঘটাইবে অথবা এই অভিপ্রায়ে যে তদ্দ্বারা সে কোন ব্যক্তিকে বৈধ দণ্ড হইতে রক্ষা করিতে পারে বা ইহা সম্ভাব্য জানিয়া যে তদ্দ্বারা সে ঐ ব্যক্তিকে উহা হইতে রক্ষা করিবে অথবা এই অভিপ্রায়ে যে, বা ইহা তদ্দ্বারা, সম্ভাব্য জানিয়া যে বাজেয়াপ্তি বা অন্য প্রভার হইতে বিধি অনুযায়ী উহার দায়িতাধীন কোন সম্পত্তি রক্ষা করিবে সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২১৯। **বিচারিক কার্যবাহে লোক কৃত্যকারী কর্তৃক দুর্নীতিপূর্বক বিধিবিরুদ্ধ প্রতিবেদন ইত্যাদি প্রদান**—যেকেহ, লোক কৃত্যকারী হইয়া, কোন বিচারিক কার্যবাহের কোনও পর্যায়ে দুর্নীতিপূর্বক বা বিদ্বেষপূর্বক এরূপ কোন প্রতিবেদন, আদেশ, নির্ণয় বা সিদ্ধান্ত প্রদান বা প্রঘোষণা করে যাহা বিধিবিরুদ্ধ বলিয়া সে জানে, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২২০। **এরূপ প্রাধিকার-সম্পন্ন ব্যক্তি কর্তৃক বিচারের জন্য বা পরিরোধের জন্য সোপর্দকরণ, যে জানে যে সে বিধিবিরুদ্ধ কার্য করিতেছে**—যেকেহ, যে পদ কোনও ব্যক্তিকে বিচার বা পরিরোধের জন্য সোপর্দ করিবার বা কোনও ব্যক্তিকে পরিরুদ্ধ রাখিবার জন্য বৈধ প্রাধিকার প্রদান করে, সেরূপ কোনও পদে অধিষ্ঠিত থাকিয়া, সেই প্রাধিকারের প্রয়োগে, দুর্নীতিপূর্বক বা বিদ্বেষপূর্বক কোন ব্যক্তিকে বিচার বা পরিরোধের জন্য সোপর্দ করে অথবা কোন ব্যক্তিকে পরিরুদ্ধ রাখে ইহা জানিয়া যে এরূপ করিয়া সে বিধিবিরুদ্ধ কার্য করিতেছে, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২২১। **সংরোধ করিতে বাধ্য লোক কৃত্যকারী দ্বারা সংরোধ করিতে সাভিপ্রায়ে অকৃতি**—যেকেহ, কোন লোক কৃত্যকারী হইয়া, কোন অপরাধের জন্য আরোপযুক্ত, অথবা সংরুদ্ধ হইবার দায়িতাধীন কোন ব্যক্তিকে ঐরূপ লোক কৃত্যকারীরূপে সংরোধ করিতে বা পরিরুদ্ধ রাখিতে বৈধভাবে বাধ্য থাকিয়া, ঐরূপ ব্যক্তিকে সংরোধ করিতে সাভিপ্রায়ে অকৃতি করে, অথবা ঐরূপ পরিরোধ হইতে ঐরূপ ব্যক্তির পলায়ন সাভিপ্রায়ে অবসহন করে অথবা ঐরূপ ব্যক্তিকে পলায়নে বা পলায়নের প্রচেষ্টায় সাভিপ্রায়ে সাহায্য করে, সে নিম্নরূপে দণ্ডিত হইবে, অর্থাৎ ঃ—

জরিমানা সহ বা ব্যতিরেকে, সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে, যদি পরিরুদ্ধ ব্যক্তি অথবা যাহাকে সংরোধ করা উচিত ছিল সেই ব্যক্তি মৃত্যুদণ্ডে দণ্ডনীয় কোন অপরাধে আরোপযুক্ত হইয়া থাকে বা সংরুদ্ধ হইবার দায়িতাধীন হইয়া থাকে ; অথবা

জরিমানা সহ বা ব্যতিরেকে, তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে, যদি পরিরুদ্ধ ব্যক্তি অথবা যাহাকে সংরোধ করা উচিত ছিল সেই ব্যক্তি যাবজ্জীবন কারাবাসে বা দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের কারাবাসে দণ্ডনীয় কোন অপরাধের জন্য আরোপযুক্ত হইয়া থাকে বা সংরুদ্ধ হইবার দায়িতাধীন হইয়া থাকে ; অথবা

জরিমানা সহ বা ব্যতিরেকে, দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে, যদি পরিরুদ্ধ ব্যক্তি অথবা যাহাকে সংরোধ করা উচিত ছিল সেই ব্যক্তি দশ বৎসর অপেক্ষা কম মেয়াদের কারাবাসে দণ্ডনীয় কোন অপরাধের জন্য আরোপযুক্ত হইয়া থাকে বা সংরুদ্ধ হইবার দায়িতাধীন হইয়া থাকে।

২২২। **দণ্ডাদেশের অধীন বা বিধিসম্মতভাবে সোপর্দ ব্যক্তিকে সংরোধ করিতে বাধ্য লোক কৃত্যকারী দ্বারা সংরোধ করিতে সাভিপ্রায়ে অকৃতি**—যেকেহ, কোন লোক কৃত্যকারী হইয়া কোন অপরাধের জন্য কোন ন্যায় আদালতের দণ্ডাদেশের অধীন বা বিধিসম্মতভাবে অভিরক্ষায় সোপর্দ কোন ব্যক্তিকে ঐরূপ লোক কৃত্যকারীরূপে সংরোধ করিতে বা পরিরুদ্ধ রাখিতে বৈধভাবে বাধ্য থাকিয়া, ঐরূপ ব্যক্তিকে সংরোধ করিতে সাভিপ্রায়ে অকৃতি করে অথবা ঐরূপ পরিরোধ হইতে ঐরূপ ব্যক্তির পলায়ন সাভিপ্রায়ে অবসহন করে বা ঐরূপ ব্যক্তিকে পলায়নে বা পলায়নের প্রচেষ্টায় সাভিপ্রায়ে সাহায্য করে, সে নিম্নরূপে দণ্ডিত হইবে, অর্থাৎ ঃ—

জরিমানা সহ বা ব্যতিরেকে, যাবজ্জীবন কারাবাসে বা চৌদ্দ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে, যদি পরিরুদ্ধ ব্যক্তি অথবা যাহাকে সংরোধ করা উচিত ছিল সেই ব্যক্তি মৃত্যু দণ্ডাদেশের অধীন হয় ; অথবা

জরিমানা সহ বা ব্যতিরেকে, সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে, যদি পরিরুদ্ধ ব্যক্তি অথবা যাহাকে সংরোধ করা উচিত ছিল সেই ব্যক্তি কোন ন্যায় আদালতের কোন দণ্ডাদেশ দ্বারা, বা ঐরূপ দণ্ডাদেশ লঘুকরণের ফলে, যাবজ্জীবন কারাবাসে বা দশ বৎসর বা তদূর্ধ্ব মেয়াদের কারাবাসের অধীন হয় ; অথবা

জরিমানা সহ বা ব্যতিরেকে, তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে, যদি পরিরুদ্ধ ব্যক্তি অথবা যাহাকে সংরোধ করা উচিত ছিল সেই ব্যক্তি কোন ন্যায় আদালতের কোন দণ্ডাদেশ দ্বারা, দশ বৎসরের অধিক নহে এরূপ কোন মেয়াদের কারাবাসের অধীন হয় অথবা ঐ ব্যক্তি বিধিসম্মতভাবে অভিরক্ষায় সোপর্দ হইয়া থাকে।

২২৩। **পরিরোধ বা অভিরক্ষা হইতে পলায়ন লোক কৃত্যকারী কর্তৃক অবহেলাপূর্বক অবসহন করা**—যেকেহ, কোন লোক কৃত্যকারী হইয়া, কোন অপরাধের জন্য আরোপযুক্ত বা দোষসিদ্ধ অথবা অভিরক্ষায় বিধিসম্মতভাবে সোপর্দ কোন ব্যক্তিকে ঐরূপ লোক কৃত্যকারী রূপে পরিরুদ্ধ রাখিতে বৈধভাবে বাধ্য থাকিয়া, পরিরোধ হইতে ঐরূপ ব্যক্তির পলায়ন অবহেলাপূর্বক অবসহন করে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২২৪। **কোন ব্যক্তি কর্তৃক নিজের বিধিসম্মত সংরোধনে প্রতিরোধ করা বা উহাতে বাধাদান করা**—যেকেহ সাভিপ্রায়ে, যে অপরাধে সে আরোপযুক্ত হয় অথবা যে অপরাধে সে দোষসিদ্ধ হইয়াছে, সেরূপ অপরাধের জন্য নিজের বিধিসম্মত সংরোধন প্রতিরোধ করে বা উহাতে অবৈধ বাধা দান করে অথবা ঐরূপ কোন অপরাধের জন্য তাহাকে

যে অভিরক্ষায় বিধিসম্মতভাবে আটক রাখা হয় তাহা হইতে পলায়ন করে বা পলায়ন করিবার প্রচেষ্টা করে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**ব্যাখ্যা**—এই ধারায় দণ্ড, যে ব্যক্তিকে সংরোধ করিতে বা অভিরক্ষায় আটক রাখিতে হইবে সে যে অপরাধে আরোপযুক্ত হইয়াছিল অথবা যে অপরাধে দোষসিদ্ধ হইয়াছিল তজ্জন্য সে যে দণ্ডের দায়িতাধীন ছিল, সেই দণ্ডের অতিরিক্ত হইবে।

২২৫। **অন্য কোন ব্যক্তির বিধিসম্মত সংরোধন প্রতিরোধ করা বা উহাতে বাধাদান করা**—যেকেহ সাভিপ্রায়ে, কোন অপরাধের জন্য অন্য কোন ব্যক্তির বিধিসম্মত সংরোধন প্রতিরোধ করে বা উহাতে অবৈধ বাধাদান করে অথবা অন্য কোন ব্যক্তিকে এরূপ কোনও অভিরক্ষা যাহাতে ঐ ব্যক্তিকে কোন অপরাধের জন্য বিধিসম্মতভাবে আটক রাখা হয় তাহা হইতে উদ্ধার করে বা উদ্ধার করিবার প্রচেষ্টা করে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে;

অথবা, যদি, যে ব্যক্তিকে সংরুদ্ধ করিতে হইবে সে বা যে ব্যক্তিকে উদ্ধার করা হইয়াছে বা উদ্ধার করিবার প্রচেষ্টা করা হইয়াছে সে যাবজ্জীবন কারাবাসে বা দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ কোন মেয়াদের কারাবাসে দণ্ডনীয় কোন অপরাধের জন্য আরোপযুক্ত হয় বা সংরুদ্ধ হইবার দায়িতাধীন হয়, তাহা হইলে, তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে;

অথবা যদি, যে ব্যক্তিকে সংরুদ্ধ করিতে হইবে বা যাহাকে উদ্ধার করা হইয়াছে বা উদ্ধার করিবার প্রচেষ্টা করা হইয়াছে সে মৃত্যুদণ্ডে দণ্ডনীয় কোন অপরাধের জন্য আরোপযুক্ত হয় বা সংরুদ্ধ হইবার দায়িতাধীন হয়, তাহা হইলে, সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে;

অথবা যদি, যে ব্যক্তিকে সংরুদ্ধ করিতে হইবে বা যাহাকে উদ্ধার করা হইয়াছে বা উদ্ধার করিবার প্রচেষ্টা করা হইয়াছে সে কোন ন্যায় আদালতের দণ্ডাদেশ অনুযায়ী বা ঐরূপ কোন দণ্ডাদেশের লঘুকরণের দরুন যাবজ্জীবন কারাবাসের অথবা দশ বৎসর বা তদূর্ধ্ব মেয়াদের কারাবাসের দায়িতাধীন হয়, তাহা হইলে, সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে;

অথবা যদি, যে ব্যক্তিকে সংরুদ্ধ করিতে হইবে বা যাহাকে উদ্ধার করা হইয়াছে বা উদ্ধার করিবার প্রচেষ্টা করা হইয়াছে সে মৃত্যু দণ্ডাদেশের অধীন হয়, তাহা হইলে, যাবজ্জীবন কারাবাসে বা দশ বৎসরের অধিক হইবে না এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

২২৫ক। **অন্যথা ব্যবস্থিত নাই এরূপ ক্ষেত্রসমূহে, লোক কৃত্যকারী দ্বারা সংরোধ করিতে অকৃতি করা অথবা পলায়ন অবসহন করা**—যেকেহ, কোন লোক কৃত্যকারী হইয়া, ২২১ ধারা, ২২২ ধারা বা ২২৩ ধারায় অথবা তৎসময়ে বলবৎ অন্য কোন বিধিতে ব্যবস্থিত নাই এরূপ কোনও ক্ষেত্রে কোন ব্যক্তিকে সংরুদ্ধ করিতে বা পরিরুদ্ধ রাখিতে ঐরূপ লোক কৃত্যকারীরূপে বৈধভাবে বাধ্য থাকিয়া ঐরূপ ব্যক্তিকে সংরুদ্ধ করিতে অকৃতি করে বা পরিরোধ হইতে তাহার পলায়ন অবসহন করে, সে দণ্ডিত হইবে,

(ক) যদি সে সাভিপ্রায়ে ঐরূপ করে, তাহা হইলে, তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে এবং

(খ) যদি সে অবহেলাপূর্বক ঐরূপ করে, তাহা হইলে, দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২২৫খ। **অন্যথা ব্যবস্থিত নাই এরূপ ক্ষেত্রসমূহে, বিধিসম্মত সংরোধন প্রতিরোধ করা বা উহাতে বাধাদান করা অথবা পলায়ন করা বা উদ্ধার করা**—যেকেহ, ২২৪ ধারায় বা ২২৫ ধারায় অথবা তৎসময়ে বলবৎ অন্য কোন বিধিতে ব্যবস্থিত নাই এরূপ কোন ক্ষেত্রে, সাভিপ্রায়ে নিজের বা অন্য কোন ব্যক্তির বিধিসম্মত সংরোধন প্রতিরোধ করে বা উহাতে অবৈধ বাধাদান করে অথবা যে অভিরক্ষায় সে বিধিসম্মতভাবে আটক থাকে সেই অভিরক্ষা হইতে পলায়ন করে বা পলায়ন করিবার প্রচেষ্টা করে অথবা অপর কোন ব্যক্তিকে এরূপ কোন অভিরক্ষা যাহাতে ঐ ব্যক্তি বিধিসম্মতভাবে আটক থাকে তাহা হইতে উদ্ধার করে বা উদ্ধার করিবার প্রচেষ্টা করে, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২২৬। [নির্বাসন হইতে বিধিবিরুদ্ধ প্রত্যাবর্তন।] ফৌজদারী প্রক্রিয়া সংহিতা (সংশোধন) আইন, ১৯৫৫ (১৯৫৫-র ২৬), ১১৭ ধারা ও তফসিল দ্বারা (১-১-১৯৫৬ হইতে) নিরসিত।

২২৭। **দণ্ডহ্রাসের শর্ত লঙ্ঘণ**—যেকেহ, দণ্ডের কোন সশর্ত দণ্ডহ্রাস প্রতিগৃহীত করিবারপর যে শর্তের উপর ঐরূপ দণ্ডহ্রাস মঞ্জুরীকৃত হইয়াছিল তাহা জ্ঞানতঃ লঙ্ঘন করে সে, যদি সে যে দণ্ডের জন্য তাহাকে মূলতঃ দণ্ডাদিষ্ট করা হইয়াছিল তাহার কোন অংশ ইতোমধ্যে অবসহন না করিয়া থাকে, তাহা হইলে, সেই দণ্ডে এবং যদি সে ঐ দণ্ডের কোন অংশ অবসহন করিয়া থাকে তাহা হইলে, ঐ দণ্ডের যতটুকু সে ইতোমধ্যে অবসহন করে নাই ততটুকুর জন্য দণ্ডিত হইবে।

২২৮। **বিচারিক কার্যবাহে আসীন লোক কৃত্যকারীকে সাভিপ্রায়ে অপমান বা ব্যাঘাত করা**—যেকেহ কোন লোক কৃত্যকারীকে, ঐরূপ লোক কৃত্যকারী কোন বিচারিক কার্যবাহের যেকোন পর্যায়ে আসীন থাকা কালে, সাভিপ্রায়ে অপমান করে বা তাহার কার্যে ব্যাহতি ঘটায়, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

[১][২২৮ক। **কতিপয় অপরাধের শিকারের পরিচয় প্রকাশ, ইত্যাদি**—(১) যেকেহ এরূপ নাম বা কোন বিষয় মুদ্রিত বা প্রকাশিত করে যদ্দারা সেরূপ কোন ব্যক্তি (অতঃপর এই ধারায় শিকার বলিয়া উল্লিখিত)-র পরিচয় জানা যাইতে পারে যাহার বিরুদ্ধে ৩৭৬ ধারা, ৩৭৬ক ধারা, ৩৭৬খ ধারা, ৩৭৬গ ধারা বা ৩৭৬ঘ ধারার অধীন কোন অপরাধ সংঘটিত হইয়াছে বলিয়া অভিকথিত বা প্রতিপন্ন হয়, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

(২) (১) উপধারার কোন কিছুই নাম বা কোন বিষয় মুদ্রণের বা প্রকাশনের ক্ষেত্রে প্রসারিত হয় না যদ্দারা শিকারের পরিচয় জানা যাইতে পারে, যদি ঐরূপ মুদ্রণ বা প্রকাশন—

(ক) থানার ভারপ্রাপ্ত আধিকারিকের দ্বারা বা ঐরূপ অপরাধ তদন্তকারী এরূপ কোন পুলিস আধিকারিক যিনি ঐরূপ তদন্তের উদ্দেশ্যে সরল বিশ্বাসে কার্য করিতেছেন তাঁহার দ্বারা, অথবা তাঁহার লিখিত আদেশের অধীনে, কৃত হয় ; অথবা

(খ) শিকার কর্তৃক বা তাহার লিখিত প্রাধিকারক্রমে কৃত হয় ; অথবা

(গ) যেক্ষেত্রে শিকার মৃত বা নাবালক বা অসুস্থমনা হয় সেক্ষেত্রে, শিকারের নিকটতম আত্মীয় কর্তৃক বা তাহার লিখিত প্রাধিকারক্রমে কৃত হয় ঃ

তবে, নিকটতম আত্মীয় কর্তৃক ঐরূপ কোনও প্রাধিকার কোন স্বীকৃত কল্যাণ সংস্থা বা সংগঠনের চেয়ারম্যান বা সচিব, তিনি যে নামেই অভিহিত হউন, তাঁহাকে ভিন্ন অন্য কোন ব্যক্তিকে প্রদত্ত হইবে না।

১। ১৯৮৩-র ৪৩ আইন, ২ ধারা দ্বারা নিরসিত।

ব্যাখ্যা—এই উপধারার প্রয়োজনার্থে, "স্বীকৃত কল্যাণ সংস্থা বা সংগঠন" বলিতে কেন্দ্রীয় বা রাজ্য সরকার কর্তৃক এতৎপক্ষে স্বীকৃত কোন সমাজ কল্যাণ সংস্থা বা সংগঠনকে বুঝায়।

(৩) যেকেহ (১) উপধারায় উল্লিখিত কোন অপরাধ সম্পর্কে কোন আদালতের সমক্ষে কোন কার্যকাল সম্পর্কিত কোন বিষয় ঐরূপ আদালতের পূর্ব অনুমতি ব্যতিরেকে মুদ্রিত বা প্রকাশিত করে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

ব্যাখ্যা—কোন হাইকোর্টের বা সুপ্রিম কোর্টের রায়ের মুদ্রণ বা প্রকাশন এই ধারার অর্থে কোন অপরাধের পর্যায়ভুক্ত হয় না।]

২২৯। **কোন জুরির বা এসেসরের ব্যক্তিরূপণ**—যেকেহ, ব্যক্তিরূপণ দ্বারা বা অন্যথা, এরূপ কোন মামলায় কোন জুরি বা এসেসর রূপে নিজেকে সাভিপ্রায়ে অন্তর্ভুক্ত, প্যানেলভুক্ত বা শপথ গ্রহণ করাইবে বা নিজের এরূপ হওয়া জ্ঞানতঃ অবসহন করিবে যে মামলায় সে বিধি দ্বারা অন্তর্ভুক্ত বা প্যানেলভুক্ত হইবার বা শপথ গ্রহণের অধিকারী নহে বলিয়া সে জানে অথবা নিজের ঐরূপে অন্তর্ভুক্তি, প্যানেলভুক্তি বা শপথ গৃহীত হওয়া বিধিবিরুদ্ধ হইয়াছে জানিয়া স্বেচ্ছাকৃতভাবে ঐরূপ জুরিতে বা এসেসর রূপে কার্য করিবে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

## অধ্যায় ১২

## মুদ্রা ও সরকারী স্ট্যাম্প সম্পর্কিত অপরাধ বিষয়ে

২৩০। **"মুদ্রা" পরিভাষিত**—মুদ্রা হইল এরূপ ধাতুখণ্ড যাহা তৎসময়ে অর্থরূপে ব্যবহৃত এবং ঐরূপে ব্যবহৃত হইবার জন্য কোন রাষ্ট্র বা সার্বভৌম শক্তির প্রাধিকার দ্বারা স্ট্যাম্প-অঙ্কিত ও প্রচালিত।

**ভারতীয় মুদ্রা**—[1][ভারতীয় মুদ্রা হইল এরূপ ধাতুখণ্ড যাহা অর্থরূপে ব্যবহৃত হইবার উদ্দেশ্যে ভারত সরকারের প্রাধিকার দ্বারা স্ট্যাম্প-অঙ্কিত ও প্রচালিত এবং যে ধাতুখণ্ড ঐরূপে স্ট্যাম্প-অঙ্কিত ও প্রচালিত হইয়াছে তাহা অর্থ রূপে আর ব্যবহারে না থাকা সত্ত্বেও, এই অধ্যায়ের প্রয়োজনার্থে ভারতীয় মুদ্রাই থাকিয়া যাইবে।]

**দৃষ্টান্ত**

(ক) কড়ি মুদ্রা নহে।

(খ) স্ট্যাম্প-অঙ্কিত নহে এরূপ তাম্রখণ্ড, অর্থরূপে ব্যবহৃত হইলেও, মুদ্রা নহে।

(গ) পদকসমূহ মুদ্রা নহে, যেহেতু ঐগুলি অর্থরূপে ব্যবহৃত হইবার জন্য অভিপ্রেত নহে।

(ঘ) কোম্পানি-টাকা রূপে নামিত মুদ্রা ভারতীয় মুদ্রা।

(ঙ) "ফরুখাবাদ টাকা" যাহা ভারত সরকারের প্রাধিকারাধীনে পূর্বে অর্থ রূপে ব্যবহৃত হইত তাহা ভারতীয় মুদ্রা, যদিও উহা এখন ঐরূপে আর ব্যবহৃত হয় না।

২৩১। **মুদ্রা মেকীকরণ**—যেকেহ মুদ্রা মেকি করে বা জ্ঞানতঃ মুদ্রা মেকীকরণ প্রক্রিয়ার কোন অংশ সম্পাদন করে, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

ব্যাখ্যা—কোন ব্যক্তি এই অপরাধ সংঘটিত করে যে, প্রবঞ্চনা করিবার অভিপ্রায়ে বা তদ্দ্বারা যে প্রবঞ্চনা করা হইবে ইহা সম্ভাব্য জানিয়া, কোন আসল মুদ্রাকে কোন ভিন্ন মুদ্রার ন্যায় প্রতীয়মান করায়।

---

১। অভিযোজন আদেশ, ১৯৫০ দ্বারা, পূর্বতন স্তবকের স্থলে প্রতিস্থাপিত।